
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক


# মানবিক বাংলাদেশ

ঢাকা বুধবার ॥ বর্ষ-৩ সংখ্যা-০১ ॥ ১৬ এপ্রিল ২০২৫ ॥ ৩ বৈশাখ ১৪৩২ বাংলা ॥ ১৭ শাওয়াল ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা



## এই আইন মেঘনা আলমের সঙ্গে প্রথম ব্যবহৃত হচ্ছে না: প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী

**স্টাফ রিপোর্টার :** প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী খোদা বখস চৌধুরী বলেন, মেঘনা আলমের সঙ্গে এই আইন প্রথম ব্যবহৃত হচ্ছে, বিষয়টা তা নয়। তিনি বলেন, তাঁর বিরুদ্ধে একটি অভিযোগ এসেছে। বিষয়টি আদালতে গেছে। বিচারাধীন বিষয়ে কথা বলা ঠিক হবে না। গতকাল মঙ্গলবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে আইনশৃঙ্খলাসংক্রান্ত কোর কমিটির সভা শেষে সাংবাদিকদের এ কথা বলেন খোদা বখস চৌধুরী।



## হার্ভার্ডের ২২০ কোটি ডলারের অনুদান স্থগিত করলেন ট্রাম্প

**আন্তর্জাতিক ডেস্ক :** ট্রাম্প প্রশাসন জানিয়েছে, তারা হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ২২০ কোটি ডলারের ফেডারেল তহবিল স্থগিত করেছে। প্রতিষ্ঠানটি হোয়াইট হাউজের কিছু দাবি প্রত্যাখ্যানের কয়েক ঘণ্টা পর এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দেশটির শিক্ষা বিভাগ এক বিবৃতিতে বলেছে, হার্ভার্ডের আজকের বিবৃতি আমাদের দেশের সবচেয়ে মর্যাদাপূর্ণ বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলোতে থাকা উদ্বেগজনক দৃষ্টিভঙ্গিকে আরও ঘনীভূত করেছে। ক্যাম্পাসগুলোতে ইহুদি বিদ্বেষ মোকাবেলা করতে গত সপ্তাহে হার্ভার্ডকে এক গুচ্ছ দাবির একটি তালিকা পাঠানোর কথা জানিয়েছিল হোয়াইট হাউজ।



## ঐকমত্যের ভিত্তিতে জাতীয় সনদ তৈরি করা যাবে: আলী রীয়াজ

**স্টাফ রিপোর্টার :** জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেছেন, আলোচনার মাধ্যমে মতপার্থক্য দূর করে যেসব জায়গায় ঐকমত্য হবে, তার ভিত্তিতে জাতীয় সনদ তৈরি করা যাবে। জাতীয় সনদ তৈরির মাধ্যমে জাতির যে রাষ্ট্র সংস্কারের আকাঙ্ক্ষা, সেদিকে অগ্রসর হওয়া যাবে।

## প্রধান উপদেষ্টার সঙ্গে বিএনপি নেতাদের বৈঠক আজ

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে আজ বুধবার (১৬ এপ্রিল) বৈঠক করবে বিএনপির একটি প্রতিনিধিদল। প্রধান উপদেষ্টার বাসভবন রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় দুপুর ১২টায় এ বৈঠক অনুষ্ঠিত হবে। গতকাল মঙ্গলবার (১৫ এপ্রিল) বিএনপি চেয়ারপারসনের প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে। প্রেস উইং থেকে জানানো হয়, প্রধান উপদেষ্টার সঙ্গে বিএনপি মহাসচিবের নেতৃত্বে প্রতিনিধিদলের সদস্যরা সাক্ষাৎ করবেন। দলটির নেতারা জানিয়েছেন, বুধবারের বৈঠকে জাতীয় নির্বাচনের জন্য সুনির্দিষ্ট রোডম্যাপ এবং নির্বাচন ঘিরে বিভ্রান্তি দূর করা নিয়ে আলোচনা হতে পারে। এ ছাড়া নির্বাচন নিয়ে সরকারের মনোভাব কী, তা স্পষ্ট হওয়ার চেষ্টা থাকতে পারে। একই সঙ্গে দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়েও কথা বলতে চান নেতারা। পরদিন (১৭ এপ্রিল) সংস্কার ইস্যুতে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে বৈঠক করবে বিএনপি। এর আগে, গত ৯ এপ্রিল দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছিলেন,

২-এর পাতায় দেখুন

# রেলে ইঞ্জিন-কোচ সংকট বন্ধ ৭৯, চলছে ২৭৫টি

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশের মতো অধিক জনসংখ্যার দেশে আরামদায়ক যানবাহন হিসেবে ট্রেন ব্যাপক জনপ্রিয়। ঈদ বা কোনো উৎসবে যাত্রী চাহিদার শীর্ষে থাকে এ বাহন। তবু, এত বছর পরও আধুনিকতার ছোঁয়া লাগেনি ট্রেনে। বিলাসবহুল কোচ কিংবা দ্রুতগতির ইলেকট্রিক ট্রেনও আমাদের বহরে যোগ হয়নি। সেই অর্থে বাড়েনি রুট। উল্টো ইঞ্জিন, কোচ, ক্রু সংকটে বর্তমানে বন্ধ ৭৯টি ট্রেন। রেলের কর্মকর্তারা বলছেন, যাত্রীসেবা দিতে নিরলস কাজ করে যাচ্ছেন তারা। তবে ইঞ্জিন কেনা একটি দীর্ঘমেয়াদি প্রক্রিয়া। বাজেট সংকুলান না হওয়ায় সংকট দূর করা যাচ্ছে না। তবে যোগাযোগ বিশেষজ্ঞরা বলছেন, সময়ের কাজ সব সময়ই অসময়ে করে রেল। ঢিলেঢালাভাবে কাজ আর গা-ছাড়া ভাবের কারণে প্রতিষ্ঠানটি আজও উন্নত হতে পারেনি। সঠিক পরিকল্পনা অনুযায়ী কাজ না করায় জনগণ রেল থেকে কাঙ্ক্ষিত সেবা পাচ্ছে না। বর্তমানে চালু আছে ২৭৫টি ট্রেন : বাংলাদেশ রেলওয়ের তথ্য বলছে, সারাদেশে মোট ১২০টি আন্তঃনগর ট্রেন চলাচল করে। এর মধ্যে পূর্বাঞ্চলে ৫৮টি এবং পশ্চিমাঞ্চলে ৬২টি। কমিউটার ও মেইল ট্রেন চলাচল করে ১২৮টি। এর মধ্যে পূর্বাঞ্চলে ৬০টি এবং পশ্চিমাঞ্চলে চলে ৬৮টি। এছাড়া সারাদেশে আটটি কনটেইনার ট্রেন এবং ১৯টি গুডস ট্রেন চলাচল করে। সব মিলিয়ে বর্তমানে চালু আছে ২৭৫টি ট্রেন।বন্ধ থাকা ট্রেনের হিসাবে দেখা যায়, লোকাল ও ডেমু ট্রেন মিলিয়ে পূর্বাঞ্চলে ৩৬টি এবং লোকাল ও মিশ্র মিলিয়ে ৩৭টি ট্রেন বন্ধ আছে। আর গত বছরের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর বাংলাদেশ-ভারতের মধ্যে চলাচলকারী বন্ধন, মিতালি এবং মৈত্রী- এই তিন জোড়া অর্থাৎ ছয়টি ট্রেন চলাচল বন্ধ আছে। সব মিলিয়ে বর্তমানে চলছে না ৭৯টি ট্রেন। অর্থনৈতিক আয়ুষ্কাল পেরিয়েছে ৫১ শতাংশ ইঞ্জিনের বাংলাদেশ রেলওয়ের তথ্য বলছে, বর্তমানে রেলের বহরে মোট ইঞ্জিন রয়েছে ২৯৭টি। এর মধ্যে মিটারগেজ ইঞ্জিন ১৬৭টি ও ব্রডগেজ ইঞ্জিন ১৩০টি। রেলট্র্যাকে যুক্ত হওয়ার পর একটি ইঞ্জিনের অর্থনৈতিক আয়ুষ্কাল ধরা হয় ২০ বছর। অর্থনৈতিক আয়ুষ্কাল রয়েছে রেলওয়েতে এমন ইঞ্জিনের সংখ্যা ১৪৭টি। বাকি ১৫০টি ইঞ্জিনের মধ্যে ২১ থেকে ৩০ বছর বয়সী ৫০টি ও ৩১ থেকে ৪০ বছর বয়সী রয়েছে ১৬টি। অবশিষ্ট ৮৪টি ইঞ্জিনের বয়স ৪০ বছর পেরিয়ে গেছে। সব মিলিয়ে বর্তমান রেলওয়ের বহরে থাকা ইঞ্জিনগুলোর মধ্যে ৫১ শতাংশের অর্থনৈতিক আয়ুষ্কাল পেরিয়েছে। যেসব রুটের ট্রেন বন্ধ বাংলাদেশ রেলওয়ে থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখা যায়, পূর্বাঞ্চলে বন্ধ থাকা ময়মনসিংহ-দেওয়ানগঞ্জ বাজার-ময়মনসিংহ রুটে চলাচলকারী লোকাল ২৫১/২৫২



২-এর পাতায় দেখুন

### ত্রয়োদশ সংসদ নির্বাচন

# নির্বাচনের জন্য লাগবে এক লাখ ৭০ হাজার রিম কাগজ, ব্যয় ৩৬ কোটি

**স্টাফ রিপোর্টার :** আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ব্যালট পেপার, মনোনয়ন ফরমসহ বিভিন্ন নির্বাচনী সামগ্রী ছাপাতে প্রয়োজন হবে এক লাখ ৭০ হাজার রিম কাগজ। এসব সামগ্রী ছাপানোর কাজ করবে সরকারি মুদ্রণ প্রতিষ্ঠান বিজি প্রেস। এজন্য ব্যয় হবে প্রায় ৩৬ কোটি টাকা। মঙ্গলবার (১৫ এপ্রিল) সকালে বিজি প্রেসের সঙ্গে বৈঠকে বসে নির্বাচন কমিশন (ইসি)। বৈঠকের কার্যপত্র থেকে এ তথ্য জানা গেছে। ইসির নির্বাচন পরিচালনা শাখার প্রস্তুত করা কার্যপত্রে বলা হয়েছে, জাতীয় সংসদের ৩০০ আসনের জন্য ভোটার সংখ্যা প্রায় ১১ কোটি। প্রতিটি কেন্দ্রে নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করে ব্যালট ছাপাতে কাগজ ও কালি সংগ্রহ, ফর্ম, প্যাড, ব্যানার, পোস্টার, নির্দেশিকা, রেজিস্টার, হিসাবরক্ষণ খাতা ও অন্যান্য সামগ্রী প্রস্তুতের প্রয়োজন রয়েছে। ইসির কার্যপত্র অনুযায়ী, আগামীতে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ৩০০টি আসনের নির্বাচন এবং অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানের (ইউনিয়ন পরিষদ ব্যতীত) নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনী সামগ্রীর মুদ্রণ পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। সে লক্ষ্যে নির্বাচনী বিভিন্ন ধরনের কাগজ ক্রয়/সংগ্রহ ও সংরক্ষণ প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ২১ প্রকার ফরম, ১৭ প্রকার প্যাকেট, ৫ প্রকার পরিচয়পত্র, আচরণ বিধি, প্রতীকের পোস্টার, নির্বাচন পরিচালনা ম্যানুয়েল, প্রশিক্ষণ ম্যানুয়াল, নির্দেশিকা ইত্যাদি মুদ্রণ কার্যক্রম শুরু করা প্রয়োজন। জাতীয় সংসদ নির্বাচনের ব্যালট পেপার প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সংবলিত হয়ে থাকে। এ কারণে নির্বাচনের সময়সূচি ঘোষণার পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা পাওয়ার সঙ্গে সঙ্গে বিপুল পরিমাণ পেপার স্বল্প সময়ের মধ্যে মুদ্রণপূর্বক মাঠ কার্যালয় সমূহে বিতরণ করতে হবে। অন্যান্য ফরম, প্যাকেট, পরিচয়পত্র, আচরণ বিধিমালা, প্রতীকের পোস্টার, ম্যানুয়াল, নির্দেশিকা ইত্যাদি সম্ভাব্য সেপ্টেম্বর মাসের মধ্যে মুদ্রণ পূর্বক সংরক্ষণ করা প্রয়োজন। ইসি জানায়, আগামীতে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদ এবং অন্যান্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ ব্যতীত) নির্বাচনে ব্যালট পেপারসহ অন্যান্য মুদ্রণ সামগ্রী মুদ্রণের জন্য কী পরিমাণ কাগজ প্রয়োজন হবে, তার হিসাব জানার জন্য গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও এবং কাগজের বর্তমান মজুদ সম্পর্কে জানার জন্য বাংলাদেশ




২-এর পাতায় দেখুন

## স্বাস্থ্য-পরিবেশ খাতে ব্যাংকগুলোর সিএসআর ব্যয় বেড়েছে

**স্টাফ রিপোর্টার :** দেশের ব্যাংকগুলো ২০২৪ সালের প্রথমার্ধের চেয়ে শেষ ছয় মাসে করপোরেট সামাজিক দায়বদ্ধতার-সিএসআর ব্যয় কিছুটা কমেছে। তবে বছরের শেষ ছয় মাসে আগের চেয়ে স্বাস্থ্য ও পরিবেশ ও জলবায়ু পরিবর্তন জনিত প্রশমন অভিযোজন খাতের সিএসআর ব্যয় বেড়েছে। বাংলাদেশ ব্যাংকের এক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। প্রতিবেদনের তথ্যানুযায়ী, দেশের ব্যাংকগুলো ২০২৪ সালে করপোরেট সামাজিক দায়বদ্ধতার-সিএসআর ব্যয় করেছে ৬১৫ কোটি ৯৬ লাখ টাকা। এর মধ্যে জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত ছয় মাস সময়ে ব্যাংকগুলোর সিএসআর ব্যয় হয়েছে ৩০৬ কোটি ৭৬ লাখ টাকা। বছরের প্রথম ছয় মাস অর্থাৎ জানুয়ারি থেকে জুন পর্যন্ত

২-এর পাতায় দেখুন

# ৫ বছর সরকারকে ক্ষমতায় রাখার বিষয়ে আমি কিছু বলিনি, জনগণ বলেছে: স্বরাষ্ট্র উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, পাঁচ বছর সরকারকে ক্ষমতায় রাখার বিষয়ে আমি কিছু বলিনি। এ কথা জনগণ বলেছে। মঙ্গলবার (১৫ এপ্রিল) সচিবালয়ে আইনশৃঙ্খলাসংক্রান্ত কোর কমিটির বৈঠক শেষে তিনি ব্রিফিংয়ে এ কথা বলেন। জাহাঙ্গীর আলম বলেন, নির্বাচন কবে হতে পারে তা বলে দিয়েছেন প্রধান উপদেষ্টা, এর বাইরে আমার কিছু বলার নেই। তিনি আরও বলেন, চট্টগ্রাম ডিসি হিলে বৈশাখের অনুষ্ঠানের আগেরদিন হামলার ঘটনা ঘটেছে। ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন না ঘটে সরকার ব্যবস্থা নেবে। এ সময় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা শাখা (ডিবি) প্রধানের পদ থেকে অতিরিক্ত পুলিশ কমিশনার রেজাউল করিম মল্লিকের বদলি নিয়ে প্রশ্নে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ডিবিপ্রধানকে সরিয়ে দেওয়ার সঙ্গে মডেল মেঘলা আলম ইস্যুর সংশ্লিষ্টতা নেই। এটা রুটিন প্রক্রিয়া। কেউ দায়িত্বে আসবেন, আবার চলেও যাবেন। সাম্প্রতিক সময়ে পুলিশের লোগো পরিবর্তনের বিষয়ে তিনি বলেন, পর্যায়ক্রমে পুলিশের পোশাক ও লোগো পরিবর্তন কার্যকর হবে। পহেলা বৈশাখ উদযাপন সফল হয়েছে জানিয়ে জাহাঙ্গীর আলম আরও বলেন, প্রথমবারের মতো জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার অংশগ্রহণে চৈত্রসংক্রান্তি ও পহেলা বৈশাখ উদযাপন হয়েছে। সবার সহযোগিতায় নিরাপত্তা বাহিনীও ভালোভাবে কাজ করতে পেরেছে। আইনশৃঙ্খলা বাহিনী, গণমাধ্যমকর্মী ও সাধারণ মানুষজনকে ধন্যবাদ জানাচ্ছি। প্রসঙ্গত, এর আগে সুনামগঞ্জে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেছিলেন, সাধারণ মানুষ বলছে আইনশৃঙ্খলা পরিস্থিতি আগের থেকে ভালো হয়েছে। রাস্তা থেকে আমাকে বলতেছে আপনারা আরও ৫ বছর থাকেন। এ নিয়ে পরবর্তীতে ব্যাপক সমালোচনা শুরু হয়।



## ডাকসু নির্বাচনের টাইমলাইন ঘোষণা

**স্টাফ রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের টাইমলাইন ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সে অনুযায়ী, আগামী মে মাসে নির্বাচন কমিশন গঠন ও ভোটার তালিকা চূড়ান্ত করা হবে। মঙ্গলবার (১৫ এপ্রিল) ঢাবির জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন মনে করে, ডাকসু প্রশাসনের একটি গুরুত্বপূর্ণ অংশ। শিক্ষার্থীদেরও ডাকসু নির্বাচনের ব্যাপারে যথেষ্ট আগ্রহ আছে। সেই কারণে প্রশাসন ডাকসু নির্বাচন আয়োজনের ক্ষেত্রে আন্তরিকতার সঙ্গে কাজ করছে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য ডাকসু নির্বাচন সম্পাদনের জন্য

২-এর পাতায় দেখুন




## শিগগির চালের দাম সহনীয় হবে: বাণিজ্য উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেছেন, দুই সপ্তাহের মধ্যে বাজারে বোরো ধানের চাল আসবে। আশা করি নতুন ধান উঠলে চালের বাজার আরও সহনীয় হয়ে ওঠবে। মঙ্গলবার (১৫ এপ্রিল) ভোজ্যতেলের আমদানি ও সরবরাহসহ সার্বিক বিষয় পর্যালোচনা সংক্রান্ত এক সভা শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। বাণিজ্য উপদেষ্টা বলেন, দুঃখজনকভাবে বেশ কিছুদিন ধরেই চালের দাম বেড়েছে। দুই সপ্তাহের মধ্যে বাজারে বোরো ধানের চাল আসবে। চিকন যে চাল বিশেষ করে নাজিরশাইল বা মিনিকেট এটা কিন্তু বোরো মৌসুমের চাল থেকেই আসে। তিনি বলেন, এ বছর আমাদের আবহাওয়া ও বিদ্যুতের অবস্থা ভালো ছিল। তাছাড়া সারের সরবরাহসহ সামগ্রিক বিষয় ভালো ছিল। আমরা মনে করছি আল্লাহর রহমতে আমাদের ফসল তথা ধানেও একটা বরকত আসবে। আশা করি নতুন ধান উঠলে চালের বাজার আরও

২-এর পাতায় দেখুন

## হিলি স্থলবন্দর দিয়ে ভারত থেকে এলো ৮৪৩১ টন চাল

**স্টাফ রিপোর্টার :** পহেলা বৈশাখের ছুটির দিনেও দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে একদিনেই রেকর্ড সংখ্যক ২০১ ট্রাকে আট হাজার ৪৩১টন চাল আমদানি হয়েছে। এদিকে আমদানি বন্ধের খবরে বন্দরে বেড়েই চলেছে চালের দাম। প্রতি কেজিতে প্রকারভেদে ২ থেকে ৩ টাকা করে বেড়েছে। আবার কিছু কিছু চালের দাম ৪/৫ টাকা করে বেড়েছে। এলসি করা সব চাল দেশে প্রবেশের লক্ষ্যে গত সোমবার পহেলা বৈশাখের ছুটির দিনেও বিশেষ ব্যবস্থায় বন্দরের আমদানি-রফতানি কার্যক্রম খোলা রাখা হয়েছিল। গতকাল মঙ্গলবার সকাল থেকে বন্দর দিয়ে ভারত থেকে চালসহ অন্য পণ্য আমদানি অব্যাহত রয়েছে। তবে নতুন করে চাল আমদানির মেয়াদ না বাড়ানো হলে বুধবার থেকে আর চাল আমদানি হবে না। হিলি স্থলবন্দর

২-এর পাতায় দেখুন

## ঢাকা কলেজ ও সিটি কলেজ শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া

**স্টাফ রিপোর্টার :** রাজধানীতে ঢাকা কলেজ ও ঢাকা সিটি কলেজের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১৫ এপ্রিল) বেলা ১১টা ৪০ মিনিটের দিকে সায়েন্সল্যাব মোড়ে দুই কলেজের শিক্ষার্থীদের মধ্যে এ ধাওয়া-পাল্টাধাওয়ার সূত্রপাত হয়। তবে তাৎক্ষণিকভাবে সংঘর্ষের কারণ জানা যায়নি। সরেজমিনে দেখা গেছে, সিটি কলেজের শিক্ষার্থীরা সায়েন্সল্যাব ফুটওভার ব্রিজের নিচে এবং ঢাকা কলেজে শিক্ষার্থীরা সরকারি টিচার্স ট্রেনিং কলেজের সামনে অবস্থান নিয়েছেন। উভয়পক্ষ ইটপাটকেল নিক্ষেপ করছে। এদিকে, ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়ন করা হয়েছে। শিক্ষার্থীদের থামাতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের রমনা বিভাগের ডিসি মাসুদ আলমকে তৎপরতা চালাতে দেখা গেছে।



জনমানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠিত হলো 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ আয়োজিত এবারের পয়লা বৈশাখের এই বর্ণিল শোভাযাত্রার প্রতিপাদ্য ছিল 'নববর্ষের ঐকতান, ফ্যাসিবাদের অবসান'। ছবিটি সোমবার তোলা।

## সুদানে দারফুরে আধাসামরিক বাহিনীর হামলায় চার শতাধিক নিহত

**আন্তর্জাতিক ডেস্ক :** সুদানের আধাসামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস (আরএসএফ) দারফুর অঞ্চলের দুর্ভিক্ষকবলিত শরণার্থীশিবিরে টানা দুই দিন হামলা চালিয়েছে। এতে চার শতাধিক মানুষ নিহত হয়েছে বলে 'বিশ্বাসযোগ্য সূত্রের' বরাত দিয়ে জানিয়েছে জাতিসংঘ। মঙ্গলবার (১৫ এপ্রিল) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি। সুদানি সেনাবাহিনীর কাছ থেকে দারফুরের শেষ বড় শহর আল-ফাশেরের নিয়ন্ত্রণ নিতে গত সপ্তাহে আরএসএফ আশপাশের শরণার্থী শিবিরগুলোতে স্থল ও আকাশপথে ব্যাপক হামলা চালানো শুরু করে। জাতিসংঘ জানিয়েছে, তারা বৃহস্পতিবার থেকে শনিবারের মধ্যে অন্তত ১৪৮ জন নিহতের বিষয়টি নিশ্চিত হয়েছে। নিহতের প্রকৃত সংখ্যা এর চেয়ে অনেক বেশি

২-এর পাতায় দেখুন

# গাজায় ইসরায়েলি বিমান হামলায় ২৪ ঘণ্টায় আরও ৩৯ জন নিহত



**আন্তর্জাতিক ডেস্ক :** গাজা উপত্যকায় ইসরায়েলি বিমান হামলায় ২৪ ঘণ্টায় কমপক্ষে ৩৯ জন ফিলিস্তিনি নিহত হয়েছে। এর ফলে ২০২৩ সালের অক্টোবর থেকে ইসরায়েলের গণহত্যায় মৃতের সংখ্যা ৫০ হাজার ৯৮৩ জনে দাঁড়িয়েছে। সোমবার গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। খবর আদাদোলু এজেন্সির। মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, আরও ১১৮ জন আহত ব্যক্তিকে হাসপাতালে স্থানান্তর করা হয়েছে, যার ফলে ইসরায়েলি হামলায় আহতের সংখ্যা ১ লাখ ১৬ হাজার ২৭৪ জনে দাঁড়িয়েছে। "অনেক ভুক্তভোগী এখনো ধ্বংসস্তূপের নিচে এবং রাস্তায় আটকা পড়েছেন। কারণ উদ্ধারকারীরা তাদের কাছে পৌঁছাতে পারছেন না," এতে আরও বলা হয়েছে। জানুয়ারিতে যুদ্ধবিরতি এবং বন্দী বিনিময় চুক্তি কার্যকর হওয়ার পরও ইসরায়েলি সেনাবাহিনী ১৮ মার্চ গাজা উপত্যকায় এক আকস্মিক বিমান অভিযান শুরু করে, যার ফলে ১৬১৩ জন নিহত এবং ৪২০০ জনেরও বেশি আহত হয়। গত নভেম্বরে আন্তর্জাতিক অপরাধ আদালত গাজায় যুদ্ধাপরাধ এবং মানবতাবিরোধী অপরাধের জন্য ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু এবং তার সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্টের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে। ছিটমহলের ওপর যুদ্ধের জন্য ইসরায়েল আন্তর্জাতিক বিচার আদালতে গণহত্যার মামলার মুখোমুখি।

## ঢাকার সড়কে সকালে গণপরিবহন কম, অফিসগামী মানুষের ভোগান্তি

**স্টাফ রিপোর্টার :** নববর্ষে একদিনের ছুটি শেষে মঙ্গলবার যথারীতি খুলেছে সব সরকারি-বেসরকারি অফিস। ফলে সকাল থেকেই রাজধানীর সড়কগুলোতে যানবাহনের চাপ বেড়েছে। গন্তব্যের উদ্দেশ্যে ছুটতে দেখা গেছে কর্মজীবী মানুষদের। তবে ঢাকার সড়কে অফিসগামী মানুষের চাপ থাকলেও এদিন সকালে গণপরিবহনের সংখ্যা ছিল তুলনামূলক কম। বাস স্টপেজগুলোতে গাড়ির কিছুটা ধীরগতি লক্ষ্য করা গেলেও কোথাও দীর্ঘ যানজটের চিত্র দেখা যায়নি। তবে কোথাও কোথাও স্টপেজগুলোতে গণপরিবহনের কিছুটা জটলা দেখা গেছে। মঙ্গলবার (১৫ এপ্রিল) সকালে সরেজমিনে রাজধানীর কল্যাণপুর, শ্যামলী, আগারগাঁও, ফার্মগেট ও কারওয়ানবাজার এলাকা ঘুরে ও গুগল ম্যাপের সহায়তায় এমন চিত্র দেখা গেছে। সরেজমিনে দেখা যায়, অফিসগামী মানুষ সকাল ৮টার আগে থেকেই বাস স্টপেজগুলোতে ভিড় করেন। যদিও সড়কে গণপরিবহনের উপস্থিতি ছিল কম।

২-এর পাতায় দেখুন

# আশ্রয়কেন্দ্র নির্মাণে তিন গুণ টাকা আবদার, কমিশনের বাগড়া

**স্টাফ রিপোর্টার :** প্রতিটি দুই কোটি ১৯ লাখ টাকা ব্যয়ে ২২০টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করেছিল সরকার। একই মানের ৮০টি বহুমুখী ঘূর্ণিঝড় নির্মাণে এবার প্রতিটির জন্য ব্যয়প্রস্তাব করা হয়েছে ছয় কোটি ৮৩ লাখ টাকা। একই প্রকল্পের তৃতীয় ধাপে এসে সময়ের ব্যবধান থাকলেও এই ব্যয় 'অযৌক্তিক' মনে করছে পরিকল্পনা কমিশন। উপকূলীয় ও ঘূর্ণিঝড়প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ তৃতীয় ধাপের প্রকল্পে এ ব্যয়প্রস্তাব করেছে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। প্রকল্পের প্রস্তাব পরিকল্পনা কমিশনে পাঠানো হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের এ প্রস্তাবনা নিয়ে নানা ধরনের প্রশ্ন তুলেছে কমিশন। পরিকল্পনা কমিশন জানায়, ব্যয় কমানোর জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রস্তাবিত 'উপকূলীয় ও ঘূর্ণিঝড়প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (তৃতীয় পর্যায়)' শীর্ষক প্রকল্পে নানা প্রস্তাব তুলে ধরা হয়েছে। প্রকল্পের অনুকূলে দেশের খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের ১৩ জেলার ৪৬টি উপজেলায় ৮০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করার প্রস্তাব করা হয়েছে। এ প্রকল্পের আওতায় প্রথম ধাপে মার্চ ২০১১ থেকে জুন ২০১৫ মেয়াদে মোট ২০০ কোটি টাকা ব্যয়ে ১০০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়। দ্বিতীয় ধাপে জুলাই ২০১৬ থেকে ডিসেম্বর ২০২১ মেয়াদে মোট ৫৫৬ কোটি টাকা ব্যয়ে ২২০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়। বর্তমান বাস্তবতা ও অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপট বিবেচনায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের প্রকল্প ব্যয় এবং সংখ্যা আনুপাতিক হারে যৌক্তিক পর্যায়ে কমানো হবে। প্রকল্পে আপ্যায়ন খরচ বাবদ দুই লাখ, অনিয়মিত শ্রমিক মজুরি খাতে ১০ লাখ, ইন্টারনেট-ফ্যাক্স খাতে ৫ লাখ, টেলিফোন বিল খাতে ৭ লাখ টাকাসহ অন্য অঙ্গের ব্যয় যৌক্তিক হারে কমানোর প্রস্তাব করা হয়েছে। এছাড়া, যে সব খাতের একক পরিমাণ থোক হিসেবে উল্লেখ করা হয়েছে তা সুনির্দিষ্ট করে প্রকল্পে উল্লেখ করা জরুরি বলে মত দিয়েছে কমিশন। পর্যালোচনায় দেখা যায়, প্রতিটি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণে ছয় কোটি ৮৩ লাখ টাকা খরচ পড়বে। আগের দুই ধাপ বিবেচনায় প্রতিটি আশ্রয়কেন্দ্র নির্মাণ বাবদ চার কোটি ৬৪ লাখ টাকা অতিরিক্ত ব্যয়প্রস্তাব করা হয়েছে। বাড়তি এ ব্যয় কমানোর প্রস্তাব করেছে কমিশন। প্রকল্পের



২-এর পাতায় দেখুন

## এএসপি জাবেদকে বরখাস্ত করে প্রজ্ঞাপন

**স্টাফ রিপোর্টার :** রাষ্ট্রপতির আদেশক্রমে র‍্যাব-২ এর সহকারী পুলিশ সুপার (এএসপি) জাবেদ ইকবালকে সাময়িক বরখাস্ত করে প্রজ্ঞাপন জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ। মঙ্গলবার (১৫ এপ্রিল) জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, মোহাম্মদপুর র‍্যাব-২ এর সহকারী পুলিশ সুপার জাবেদ ইকবালকে গত ১১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন ১৯৭৩ এর ৩ পরোয়ানামূলে গ্রেপ্তার করে আদালতে প্রেরণ করা হয়। সেহেতু জাবেদ ইকবালকে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ১১ ফেব্রুয়ারি থেকে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো। তবে, বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন তিনি। এর আগে, ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক উপকমিশনার (ডিসি) মো. শহিদুল্লাহ, বাগেরহাট জেলার সাবেক পুলিশ সুপার আবুল হাসনাত খান ও নোয়াখালীর সাবেক পুলিশ সুপার মোহাম্মদ আসাদুজ্জামানকে সাময়িক বরখাস্ত করা হয়। এ ছাড়া গত ১৬ মার্চ

২-এর পাতায় দেখুন



## হাসিনা-জয়সহ ২৯ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর পূর্বাচলে প্লট বরাদ্দে অনিয়মের অভিযোগে দুদকের করা পৃথক দুই মামলায় পলাতক শেখ হাসিনা ও তার ছেলে সজীব ওয়াজেদ জয়সহ ২৯ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আদালত। দুদকের দেওয়া চার্জশিট আমলে নিয়ে মঙ্গলবার (১৫ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ জাকির হোসেন গালিব এ আদেশ দেন। আদালতে দুদকের প্রসিকিউশন বিভাগের সহকারী পরিচালক আমিনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। দুদকের করা দুটি মামলার প্রথমটিতে ১২ জন এবং দ্বিতীয় মামলায় ১৭ জনকে আসামি করা হয়েছে। আসামিরা পলাতক থাকায় আদালত তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন। অন্য আসামিদের মধ্যে রয়েছেন জাতীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা মো. সাইফুল ইসলাম সরকার, জ্যেষ্ঠ সহকারী সচিব পূরবী গোলদার, অতিরিক্ত সচিব কাজী ওয়াছি উদ্দিন, সচিব মো. শহীদ উল্লা খন্দকার, রাজউকের সাবেক চেয়ারম্যানের পিএ মো. আনিছুর রহমান মিঞা, রাজউকের সাবেক সদস্য মোহাম্মদ খুরশীদ আলম, কবির আল আসাদ, তন্ময় দাস, মোহাম্মদ নাসির উদ্দীন, মেজর (ইঞ্জি.) সামসুদ্দীন আহমদ চৌধুরী (অব.), মো. নুরুল ইসলাম,

২-এর পাতায় দেখুন

### গুলশানের ফ্ল্যাট দখল

## মামলার আসামি টিউলিপসহ ৩

**স্টাফ রিপোর্টার :** অবৈধ সুবিধা নিয়ে রাজধানীর গুলশানে ইস্টার্ন হাউজিং লিমিটেডের ফ্ল্যাট নেওয়ার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাগনি ও যুক্তরাজ্যের সাবেক প্রতিমন্ত্রী টিউলিপ সিদ্দিকসহ তিনজনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মঙ্গলবার (১৫ এপ্রিল) দুদকের ঢাকা সমন্বিত জেলা কার্যালয়ে সংস্থাটির উপপরিচালক মনিরুল ইসলাম বাদী হয়ে মামলাটি দায়ের করেন। দুদকের ঊর্ধ্বতন একটি সূত্র মামলার বিষয়টি নিশ্চিত করেছে। আসামিরা হলেন- টিউলিপ রিজওয়ানা সিদ্দিক, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) সাবেক সহকারী আইন উপদেষ্টা শাহ মো. খসরুজ্জামান এবং সাবেক সহকারী আইন উপদেষ্টা-১ সরদার মোশারফ হোসেন। এজাহার সূত্রে জানা যায়, আসামিরা পরস্পর যোগসাজশে অপরাধমূলক ষড়যন্ত্র, অপরাধমূলক অসদাচরণ ও অপরাধমূলক বিশ্বাস ভঙ্গের মাধ্যমে ক্ষমতার অপব্যবহার করে কোনো টাকা পরিশোধ না করেই অবৈধ পারিতোষিক হিসেবে

২-এর পাতায় দেখুন

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

মানবিক বাংলাদেশ

ঢাকা বুধবার ॥ ১৬ এপ্রিল ২০২৫ ॥ ৩ বৈশাখ ১৪৩২ বাংলা

# শিল্পগ্যাসের মূল্যবৃদ্ধিতে গভীর উদ্বেগ বিদেশি বিনিয়োগকারীদের

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) ঘোষিত গ্যাসের নতুন মূল্যহারকে বৈষম্যমূলক আখ্যায়িত করে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশে বিদেশি বিনিয়োগকারীদের সংগঠন ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি। সংগঠনটির মতে, নির্দেশনা অনুযায়ী নতুন গ্রাহক, প্রতিশ্রুত গ্রাহক ও বিদ্যমান গ্রাহকদের জন্য আলাদা আলাদা গ্যাসের দাম নির্ধারণ করা হয়েছে, যা কোনোভাবেই গ্রহনযোগ্য নয়। মঙ্গলবার (১৫ এপ্রিল) গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ উদ্বেগ প্রকাশ করা হয়। ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি জানায়, সরকারের টেকসই ও নির্ভরযোগ্য জ্বালানী সরবরাহের যে লক্ষ্য রয়েছে তাতে পূর্ণ সমর্থন জানালেও বিইআরসি ঘোষিত প্রাকৃতিক গ্যাসের মূল্যহারের ফলে নতুন বিনিয়োগ ও শিল্প সম্প্রসারণ চরমভাবে বাধাগ্রস্ত হবে। বিইআরসির নির্দেশনা অনুযায়ী বিদ্যমান গ্রাহকদের চেয়ে নতুন গ্রাহক, নতুন গ্যাস সেলস অ্যাগ্রিমেন্ট, অনুমোদিত লোডের চেয়ে অতিরিক্ত গ্যাস ব্যবহারকারী এবং প্রতিশ্রুত গ্রাহকদের বেশি মূল্য পরিশোধ করতে হবে, এমনকি তা একই খাতের কোম্পানি হলেও। এই দ্বৈত-মূল্যনীতি কেবল ন্যায্য প্রতিযোগিতার নীতিকে লঙ্ঘন করে না বরং প্রতিযোগিতামূলক বাজারে সবার জন্য সমান সুযোগ তৈরি অনিশ্চিত করে। ভিন্ন ভিন্ন মূল্যের যে মডেলটি বিইআরসি ঘোষণা করেছে তা নজিরবিহীন এবং এর কারণে বেশ কিছু চ্যালেঞ্জ তৈরি হবে। একই খাতে পরিচালনাকারী কোম্পানিগুলোর মধ্যে আলাদা আলাদা জ্বালানী খরচের কারণে উৎপাদন খরচে পার্থক্য তৈরি হবে এবং এ ধরনের মূল্য কাঠামো সবার জন্য সমান সুযোগ তৈরির নীতির পরিপন্থি। সর্বোপরি, বাংলাদেশ সরকার যখন বিনিয়োগ আকৃষ্ট করতে নানাবিধ পদক্ষেপ নিচ্ছে তখন শুধু নতুন শিল্প কিংবা নতুন বিনিয়োগকারীদের জন্য গ্যাসের দাম বাড়ানোর সিদ্ধান্ত একটি বিপরীতমুখী আচরণ। এ ধরনের সিদ্ধান্ত সম্ভাব্য বিনিয়োগকারীদের আস্থা নষ্ট করবে, ভবিষ্যৎ বিনিয়োগকে ঝুঁকির মধ্যে ফেলবে এবং ইনভেস্টমেন্ট সামিটের মতো ইতিবাচক পদক্ষেপের মাধ্যমে অর্জনকে ধ্বংস করবে। ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি জাভেদ আখতার বলেন, শিল্পের প্রবৃদ্ধি ও বিনিয়োগকারীদের আস্থা অর্জনে একটি স্বচ্ছ ও সামঞ্জস্যপূর্ণ জ্বালানী মূল্য নির্ধারণ কাঠামো আবশ্যক। আমরা জ্বালানীর চাহিদা ও তা সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়টি বিবেচনায় রেখে বিইআরসিকে নতুন এই গ্যাসের মূল্য কাঠামো পুনর্বিবেচনা করার আহ্বান জানাচ্ছি এবং দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ও বিদেশি বিনিয়োগ আকর্ষণের মতো বৃহৎ লক্ষ্যগুলোকে প্রাধান্য দিয়ে নীতি নির্ধারণে দাবি জানাই। সংগঠনটির পক্ষ থেকে আরও বলা হয়, সবশেষ ঘোষণা অনুযায়ী যে কোনো নতুন গ্যাস সেলস অ্যাগ্রিমেন্ট নতুন সংযোগ হিসেবে বিবেচিত হবে। অর্থাৎ, দীর্ঘদিন ধরে গ্যাস ব্যবহার করে আসা শিল্প প্রতিষ্ঠানগুলোকেও চলতি চুক্তি শেষ হলে কর্তৃপক্ষ ইচ্ছে করলে অতিরিক্ত গ্যাস ট্যারিফের স্ল্যাবে ফেলতে পারবে। এ ধরনের বিধান শুধু অযৌক্তিক ও অন্যায্যই নয়, বরং নিয়ন্ত্রকদের হাতে স্বেচ্ছাচারিতার সুযোগ তৈরি করে দেয়। যার মাধ্যমে তারা আগের চুক্তি জোরপূর্বক ৭-এর পাতায় দেখুন




## গরম ও বৃষ্টি নিয়ে নতুন বার্তা

**স্টাফ রিপোর্টার :** দেশের আট বিভাগের কিছু কিছু জায়গায় বজ্রসহ বৃষ্টির পাশাপাশি গরম কমার আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। মঙ্গলবার (১৫ এপ্রিল) সকালে আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। এ অবস্থায় মঙ্গলবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও বরিশাল বিভাগের দু-এক বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ সময়ে সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সন্দ্বীপ ও সীতাকুন্ড অঞ্চলসহ ঢাকা, টাঙ্গাইল, নারায়নগঞ্জ, মাদারীপুর, মৌলভীবাজার, রাঙ্গামাটি, কুমিল্লা, চাঁদপুর, ফেনী, খুলনা, বাগেরহাট ও পটুয়াখালী জেলার ওপর দিয়ে বয়ে যাওয়া মৃদু তাপপ্রবাহ কিছু কিছু জায়গা থেকে প্রশমিত হতে পারে। বুধবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় সারাদেশে দিনের তাপমাত্রা এক থেকে দুই ডিগ্রি সেলসিয়াস হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। তবে, খুলনা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও বরিশাল বিভাগের দু-এক বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ ছাড়া বৃহস্পতিবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় জ্রসহ বৃষ্টি হতে পারে।



# সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পররাষ্ট্রসচিবের সাক্ষাৎ

**স্টাফ রিপোর্টার :** সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ড. ভিভিয়ান বালাকৃষ্ণের সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রসচিব মো. জসীম উদ্দিন। স্থানীয় সময় সোমবার (১৪ এপ্রিল) সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রীর দপ্তরে এ সাক্ষাৎ হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, পররাষ্ট্রসচিব বাংলাদেশসহ এশীয় দেশগুলোর জন্য অর্থনৈতিক উন্নয়ন, সুশাসন এবং মুক্ত বাজার অর্থনীতিকে উদাহরণ হিসেবে দাঁড় করানোর জন্য সিঙ্গাপুরের নেতৃত্বের প্রশংসা করেন। তিনি সিঙ্গাপুরের চমৎকার অভিবাসী কর্মী ব্যবস্থার জন্যও প্রশংসা করেন। ক্রমবর্ধমান দ্বিপাক্ষিক বাণিজ্যের কথা উল্লেখ করে জসীম উদ্দিন সিঙ্গাপুরের বাজারে এবং তার বাইরে বাংলাদেশি পণ্য, বিশেষ করে ওষুধ, চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, সিরামিক, সাইকেল, হোম টেক্সটাইল এবং পাদুকা আমদানির সম্ভাবনার কথা তুলে ধরেন। দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির জন্য তিনি আলোচনাধীন সিঙ্গাপুরের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) সম্পাদনের গুরুত্বের ওপর জোর দেন। বাংলাদেশে বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগের (এফডিআই) একটি গুরুত্বপূর্ণ উৎস হিসেবে সিঙ্গাপুরকে তুলে ধরে তিনি জ্বালানি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, টেলিযোগাযোগ, বন্দর ও বিমানবন্দর অবকাঠামো, নগর উন্নয়ন এবং কৃষি প্রক্রিয়াকরণের মতো অগ্রাধিকারমূলক খাতে আরও বিনিয়োগের আহ্বান জানান। পররাষ্ট্র সচিব পররাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে স্বাস্থ্য খাতে সক্ষমতা বৃদ্ধি, দক্ষতা ভাগাভাগি এবং বাংলাদেশে মানসম্পন্ন স্বাস্থ্যসেবার ক্রমবর্ধমান চাহিদা পূরণে ও স্বাস্থ্য অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে সহযোগিতার ওপর জোর দেন। দেশটির পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের পররাষ্ট্রসচিবের কাছে রোহিঙ্গা সংকট সম্পর্কে বিস্তারিতভাবে হালনাগাদ তথ্য শোনেন এবং এই বিষয়ে বাংলাদেশের প্রতি সিঙ্গাপুরের সমর্থন পুনর্ব্যক্ত করেন। আসিয়ান সেক্টরাল ডায়ালগ পার্টনার মর্যাদার জন্য বাংলাদেশের প্রচেষ্টার বিষয়ে সিঙ্গাপুরের মন্ত্রী বাংলাদেশের প্রতি দেশটির সমর্থন পুনর্ব্যক্ত করেন। তিনি বলেন, দুটি বন্ধুত্বপূর্ণ দেশ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়গুলোতে একে অপরকে সমর্থন অব্যাহত রাখবে। পররাষ্ট্রসচিব পররাষ্ট্রমন্ত্রীকে ধন্যবাদ জানান এবং আশা করেন যে বাংলাদেশের ঘনিষ্ঠ বন্ধু হিসেবে এই বিষয়ে ঐকমত্য তৈরিতে আসিয়ান প্ল্যাটফর্মের মধ্যে সিঙ্গাপুর তার ভূমিকা পালন করবে। পররাষ্ট্র সচিব দুই বন্ধুত্বপূর্ণ দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার জন্য রাজনৈতিক পর্যায়ে নিয়মিত যোগাযোগ এবং পররাষ্ট্রমন্ত্রীর বাংলাদেশ সফরসহ উচ্চ পর্যায়ের সফর বিনিময়ের গুরুত্বের ওপর জোর দেন।

## আউটসোর্সিং সেবাগ্রহণ নীতিমালা জারি

**স্টাফ রিপোর্টার :** আউটসোর্সিং সেবাকর্মীদের জন্য সেবাগ্রহণ নীতিমালা-২০২৫ জারি করা হয়েছে। নতুন এই নীতিমালার মূল উদ্দেশ্য হলো-আউটসোর্সিংয়ের মাধ্যমে দক্ষ, স্বচ্ছ, জবাবদিহিমূলক এবং মানসম্পন্ন সেবা নিশ্চিত করা এবং একই সঙ্গে সেবাকর্মীদের উৎসাহিত করা। মঙ্গলবার (১৫ এপ্রিল) এ নীতিমালা জারি হয় বলে অর্থ মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে। মন্ত্রণালয়ের এক প্রেস নোটে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের পক্ষ থেকে নববর্ষের উপহার হিসেবে এ নীতিমালা জারি হয়। এতে আরও বলা হয়, পাঁচটি ক্যাটাগরির সেবা ও তিনটি বিশেষ সেবা জনপ্রতি মাসিক সেবামূল্য বৃদ্ধি করা হয়েছে। এ ছাড়া এক মাসের সমপরিমাণ সেবামূল্যের অর্ধেক (৫০ শতাংশ) হারে দুটি ও এক পঞ্চমাংশ (২০ শতাংশ) হারে বৈশাখী প্রণোদনা প্রদান করা হয়েছে। পাশাপাশি ৭-এর পাতায় দেখুন

# বিশুদ্ধ পানি যেন সোনার হরিণ!

# ৮টি গ্রামের মানুষ পানির সংকটে পড়েছেন

**ময়মনসিংহ প্রতিনিধি :** ময়মনসিংহের সীমান্তবর্তী উপজেলা ধোবাউড়া। এই উপজেলা ভারতের মেঘালয় রাজ্যের সীমান্তঘেঁষা। বর্ষা মৌসুমে পাহাড় থেকে ঝর্ণার পানি নিচে নামে। সেই পানিই ভরসা ধোবাউড়ার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীসহ স্থানীয়দের। পাহাড়ি ছড়ায় বালু সরিয়ে গর্ত করে পানি সংগ্রহ করেন তারা। এই পানির সংকট দেখা দিলে সংগ্রহ করা হয় পুকুরের পানি। উপজেলার দক্ষিণ মাইজপাড়া ও ঘোষগাঁও ইউনিয়নের অন্তত ৮টি গ্রামের মানুষ বিশুদ্ধ পানির সংকটে পড়েছেন। ফলে পুকুর ও ছড়ার পানিই তাদের জীবনধারণের একমাত্র ভরসা হয়ে উঠেছে। তবে এই পানি পান করে পেটের পীড়া, চর্মরোগসহ নানা ধরনের রোগে আক্রান্ত হচ্ছেন তারা। এমন ভোগান্তির সমাধান চেয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন ভুক্তভোগীরা। স্থানীয়রা জানান, উপজেলার দক্ষিণ মাইজপাড়া ইউনিয়নের গিলগড়া, কাশিপুর, বাকপাড়া, শানখলা, পঞ্চনন্দপুর গ্রাম ও ঘোষগাঁও ইউনিয়নের গোলইভাংগা, চন্দকোনাসহ আরও কয়েকটি এলাকা পাহাড়ি অঞ্চল। এসব গ্রামের গুটিকয়েক মানুষ বেশি টাকা ব্যয় করে সাবমারসিবল পাম্প বসালেও বেশিরভাগ মানুষ অর্থাভাবে তা পারছে না। ফলে ভাগ্যে জুটছে না বিশুদ্ধ পানি। স্থানীয় মতিন মিয়া বলেন, পাহাড়ি এলাকা হওয়ায় নলকূপ স্থাপন করা খুব কঠিন। কারণ নিচে পাথরে আটকে যায় পাইপ। তারওপর বেশিরভাগ মানুষ আর্থিকভাবে অসচ্ছল। ফলে খরচ অনেক বেশি হওয়ার কারণে নলকূপ সবাই স্থাপন করতে পারে না। সরকারিভাবেও নলকূপ স্থাপন করে সহায়তা না করায় মানুষ খুব ভোগান্তিতে পড়েছে। বাধ্য ৭-এর পাতায় দেখুন



## আশুলিয়ায় মরদেহ পোড়ানো মামলায় ৩ পুলিশ কর্মকর্তা কারাগারে

**স্টাফ রিপোর্টার :** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে সাভারের আশুলিয়ায় মরদেহ পোড়ানোর ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় গ্রেফতার দেখিয়ে তিন পুলিশ কর্মকর্তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। তারা হলেন ঢাকা জেলার সাবেক অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মো. আব্দুল্লাহিল কাফী, ঢাকা জেলা পুলিশের সাবেক অতিরিক্ত সুপার (সাভার সার্কেল) মো. শাহিদুল ইসলাম ও সাবেক ডিবি পরিদর্শক মো. আরাফাত হোসেন। প্রসিকিউশনের আবেদনের শুনানি নিয়ে মঙ্গলবার (১৫ এপ্রিল) চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন প্রসিকিউটর মিজানুল

# লাগামহীন বেসরকারি বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণ করতে পারছে না সরকার

**স্টাফ রিপোর্টার :** দেশে কর্মরত বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো চলছে লাগামহীনভাবে। সরকার কোনোভাবেই তা নিয়ন্ত্রণে আনতে পারছে না। বর্তমানে দেশের ৩৭টি বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রপতি কর্তৃক রিয়োগপ্রাপ্ত উপাচার্য নেই। আর ৮৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য নেই। তাছাড়া কোষাধ্যক্ষ (ট্রেজারার) নেই ৩৭ বিশ্ববিদ্যালয়ে। অনেক বেসরকারি বিশ্ববিদ্যালয়ই প্রতিষ্ঠার পর থেকে এখন পর্যন্ত কোষাধ্যক্ষ নিয়োগ দেয়নি। অভিযোগ রয়েছে অনিয়ম করতেই প্রতিষ্ঠানের শীর্ষ এসব পদ কৌশলে দীর্ঘদিন ধরে ফাঁকা রাখা হচ্ছে। আর সরকার চেষ্টা করেও লাগামহীন এসব বেসরকারি বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণ করতে সফল হতে পারছে না। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, দেশে কর্মরত বেশির ভাগ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো সরকারের নির্দেশনা তোয়াক্কা না করা, বিধিবহির্ভূতভাবে একাডেমিক প্রোগ্রাম পরিচালনা, দীর্ঘ সময়েও স্থায়ী ক্যাম্পাসে না যাওয়া, যেনতেনভাবে পাঠদান শেষে সার্টিফিকেট প্রদান ছাড়া আরো অনেক অনিয়মে জড়িত রয়েছে। আর অনিয়ম করতেই প্রতিষ্ঠানের শীর্ষ পদগুলো বছরের পর বছর ফাঁকা রাখছে। মূলত খেয়ালখুশিমতো বিশ্ববিদ্যালয় পরিচালনা করতেই এ অনিয়ম করা হচ্ছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী ও একাডেমিক কর্মকর্তা হলেন উপাচার্য (ভিসি)। তিনি সিন্ডিকেট ও বোর্ড অব ট্রাস্টিজের সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন। কিন্তু না থাকায় ওসব প্রতিষ্ঠান খেয়ালখুশি মতো চলছে। সূত্র জানায়, যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নেই তার মধ্যে রয়েছে পিপলস ইউনিভার্সিটি, মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (২০২৩ সালের অক্টোবর থেকে শূন্য), ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ (২০২৩ সালের অক্টোবর থেকে), প্রিমিয়ার ইউনিভার্সিটি, স্টেট ৭-এর পাতায় দেখুন

## আওয়ামী লীগকে নিষিদ্ধ করাই সর্বপ্রথম সংস্কার: ববি হাজ্জাজ

**স্টাফ রিপোর্টার :** জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম চেয়ারম্যান ববি হাজ্জাজ বলেছেন, আমরা ড. ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারকে রাষ্ট্র সংস্কারের মহতী উদ্যোগকে স্বাগত জানাই। তবে আমরা মনে করি, ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মাধ্যমে গঠিত হওয়া এই সরকারের দায়িত্ব ছিল টেকসই ভবিষ্যৎ বিনির্মাণের জন্য ফ্যাসিবাদী সংগঠন হিসেবে আওয়ামী লীগের বিচার করা। কারণ আওয়ামী লীগকে নিষিদ্ধ করাই সর্বপ্রথম সংস্কার। মঙ্গলবার ড. আলী রিয়াজ-এর নেতৃত্বাধীন জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম চেয়ারম্যান ববি হাজ্জাজ-এর নেতৃত্বাধীন প্রতিনিধি দল, জাতীয় সংসদ ভবনের এলডি হলে আলোচনা করেন। আলোচনা শেষে মিডিয়া ব্রিফিংয়ে বক্তব্য রাখেন ববি হাজ্জাজ। ববি হাজ্জাজ বলেন, ৭-এর পাতায় দেখুন

## সম্পর্ক নতুন উচ্চতায় উন্নীত করতে চায় বাংলাদেশ-তুরস্ক

**স্টাফ রিপোর্টার :** সহযোগিতামূলক প্রচেষ্টা দুই দেশের মধ্যে অংশীদারত্বকে নতুন উচ্চতায় উন্নীত করবে বলে আশা করছে বাংলাদেশ ও তুরস্ক। যার মাধ্যমে দুই দেশের মধ্যকার সম্পর্ক আরও শক্তিশালী করবে। সোমবার (১৪ এপ্রিল) আঙ্কারায় তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদানের কার্যালয়ে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন এবং তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলমের বৈঠকে দুই সম্পর্ক উন্নয়নের বিষয়ে আলোচনা হয়। পরে বাংলাদেশ সরকারের এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, বৈঠকের প্রাথমিক উদ্দেশ্য ছিল অমীমাংসিত সমস্যাগুলো সমাধান করা এবং নতুন উদ্যোগ গ্রহণের মাধ্যমে তুরস্ক এবং বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী ৭-এর পাতায় দেখুন



চট্টগ্রামের সিআরবি শিরীষতলায় বর্ষবরণ অনুষ্ঠানে শিল্পীদের পরিবেশনা। ছবিটি সোমবার তোলা।

## নেতানিয়াহুকে ইসরায়েলের 'শত্রু' বললেন দেশটির সাবেক সেনাপ্রধান

**আন্তর্জাতিক ডেস্ক :** বিশ্বব্যাপী প্রতিবাদের মধ্যেও গাজায় অবিরাম হামলা চালিয়ে যাচ্ছে দখলদার ইসরায়েল। এমনকি গাজাতে সর্বাত্মক অবরোধও জারি রেখেছে তারা। এমন অবস্থায় ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহুকে 'ইসরায়েলের শত্রু' বলে আখ্যায়িত করেছেন দেশটির সাবেক সেনাপ্রধান ড্যান হালুৎজ। সোমবার (১৪ এপ্রিল) বার্তাসংস্থা আনাদোলু এক প্রতিবেদনে এ তথ্য জানায়। চ্যানেল ১২-কে সাবেক এই সেনাপ্রধান বলেন, নেতানিয়াহু ইসরায়েলের নিরাপত্তার জন্য সরাসরি হুমকিস্বরূপ। এই শত্রুকে দমন করা উচিত অথবা বন্দি করা উচিত, তবে হত্যা করা উচিত নয়। ড্যান হালুৎজের এমন মন্তব্যের নিন্দা জানিয়েছে নেতানিয়াহুর লিকুদ পার্টি। এদিকে, গাজায় বন্দি জিম্মিদের মুক্তিকে অগ্রাধিকার প্রদান ও সেখানে যুদ্ধের অবসানের ৭-এর পাতায় দেখুন

# নির্বাচনের আগে লুট হওয়া অস্ত্র ব্যবহারের আশঙ্কা

**স্টাফ রিপোর্টার :** জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের সময় পুলিশের লুট হওয়া প্রায় দেড় হাজার আগ্নেয়াস্ত্র ও আড়াই লাখের বেশি গোলাবারুদ এখনও উদ্ধার হয়নি। এসব অস্ত্র ব্যবহৃত হচ্ছে বিভিন্ন অপকর্মে। পুলিশ জানিয়েছে, লুট হওয়া অস্ত্রের ৭৬ ভাগ উদ্ধার করা হয়েছে। সমাজ বিজ্ঞানীরা বলছেন, নির্বাচনের আগে সহিংসতায় এসব অস্ত্র ব্যবহারের আশঙ্কা রয়েছে। ছাত্র-জনতার অভ্যুত্থানের মধ্য দিয়ে গত বছরের ৫ আগস্ট স্বৈরাচার শেখ হাসিনা সরকারের পতন হয়। এরপর রাজধানীসহ সারাদেশে ৪৬০টি থানায় হামলার ঘটনা ঘটে। নানান স্থাপনা থেকে লুট হয় ৫ হাজার ৭৫০টি আগ্নেয়াস্ত্র। গোলাবারুদ লুট হয়েছে ৬ লাখ ৫১ হাজার ৮২৬ রাউন্ড। গত বছরের ৩০ নভেম্বর মুন্সিগঞ্জে ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের সার্ভিস লেন থেকে শাহিদা আক্তারের গুলিবিদ্ধ লাশ উদ্ধার করে পুলিশ। ওই ঘটনায় শাহিদার কথিত বন্ধু তন্ময় জানিয়েছিল, ঢাকার ওয়ারী থানা থেকে লুট করা পিস্তল দিয়ে শাহিদাকে গুলি করেন তিনি। পুলিশ সদর দপ্তরের তথ্য বলছে, গত ৯ এপ্রিল পর্যন্ত ৪ হাজার ৩৭৩টি আগ্নেয়াস্ত্র ও ৩ লাখ ৮৮ হাজার ৪৫৬ রাউন্ড গোলাবারুদ উদ্ধার হয়েছে। তবে এখনও ১ হাজার ৩৭৭টি আগ্নেয়াস্ত্র ও ২ লাখ ৬৩ হাজার ৩৭০ রাউন্ড গোলাবারুদ উদ্ধার করা যায়নি। পুলিশ সদরদপ্তরের এআইজি (মিডিয়া) ইনামুল হক সাগর জানান, লুট হওয়া অস্ত্রগুলো কারও হাতে গেল অপব্যবহারের সুযোগ রয়েছে। সেজন্য উদ্ধার অভিযান চলমান রয়েছে। যতদিন পর্যন্ত অস্ত্রগুলো উদ্ধার হচ্ছে না ততদিন বিশেষ অভিযান চলবে। লুট হওয়া অস্ত্র সমাজের জন্য মারাত্মক ঝুঁকি। অস্ত্র উদ্ধারে বিশেষ গুরুত্ব না দিলে জননিরাপত্তা, সামাজিক ও রাষ্ট্রীয় শৃঙ্খলা হুমকির মুখে পড়বে বলে মনে করেন সমাজ বিজ্ঞানী মো. মাহবুব কায়সার। তিনি বলেন, নির্বাচন যত ঘনিয়ে আসবে আমরা ৭-এর পাতায় দেখুন



# ঝিনাইদহে বেড়েছে তামাক চাষ, ঝুঁকিতে প্রাণ-প্রকৃতি

**ঝিনাইদহ প্রতিনিধি :** পরিবেশ ও স্বাস্থ্যঝুঁকির পরও ঝিনাইদহে বেড়েছে তামাক চাষ। বেশি লাভের আশায় তামাক কোম্পানিগুলোর চটকদার প্রলোভনে দিন দিন ক্ষতিকর তামাক চাষে ঝুঁকে পড়ছেন কৃষক। ফলে জেলার শত শত হেক্টর জমি উর্বরতা হারাচ্ছে। উচ্চমাত্রায় রাসায়নিক সার ব্যবহারের ফলে জমির প্রকৃতিও পরিবর্তন হয়ে যাচ্ছে। তামাক চাষ করা জমিতে অন্য ফসলের ফলন নিয়েও কৃষকদের মাঝে হতাশা বিরাজ করছে। কৃষকেরা বলছেন, তামাক চাষের ক্ষতিকর দিক সম্পর্কে অনেক কৃষক রয়েছেন অন্ধকারে। তামাক চাষ রোধে নেই সরকারি দপ্তরের কোনো উদ্যোগ। ফলে তামাক চাষ গত বছরের চেয়ে বেড়েছে। জেলার হরিণাকুণ্ডু, মহেশপুর, সদর উপজেলা ও শৈলকূপার বিভিন্ন মাঠে বিস্তীর্ণ তামাকের ক্ষেত দেখা গেছে। কৃষকদের সঙ্গে কথা বলে জানা গেছে নানা সমস্যার কথা। কৃষকেরা জানান, অন্যান্য ফসল চাষ করলে দাম পাওয়া যায়। কিন্তু ধান, গম, ভুট্টা বিক্রি করে একবারে অনেক টাকা পাওয়া যায় না। যে কারণে কৃষক তামাক চাষে ঝুঁকে পড়েছেন। এ ছাড়া তামাক কোম্পানিগুলো চাষি পর্যায়ে নানা প্রলোভন দেখিয়ে তামাক চাষে আগ্রহী করছে বলে অভিযোগ রয়েছে। কৃষকেরা অভিযোগ করেন, তামাক বিক্রির জন নির্ধারিত কার্ডের মাধ্যমে নির্দিষ্ট কোম্পানির কাছে তামাক বিক্রি করতে হয়। কোম্পানিগুলো কৃষকদের অগ্রিম টাকা-পয়সা দিয়ে অনেকটা জিম্মি করে ফেলে। যে কারণে কেউ ৭-এর পাতায় দেখুন



## যুক্তরাষ্ট্রে বিরল খনিজ রপ্তানি বন্ধ করবে চীন

**আন্তর্জাতিক ডেস্ক :** শুল্কযুদ্ধের নতুন পদক্ষেপ হিসেবে চীন দুর্লভ খনিজ, প্রাকৃতিক চুম্বক (ম্যাগনেট) সরবরাহ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। অর্থাৎ এসব পণ্য যুক্তরাষ্ট্রে রপ্তানি করবে না তারা। চীনের এই পদক্ষেপের কারণে বিরল ধাতু, মৌল ও চুম্বকের সরবরাহ ব্যবস্থায় বড় ধাক্কা লাগবে এমন আশঙ্কা তৈরি হয়েছে। ফলে গাড়ি, অ্যারোস্পেস, সেমিকন্ডাক্টর ও সামরিক শিল্প বড় সমস্যায় পড়তে পারে। দ্য নিউইয়র্ক টাইম্?সের প্রতিবেদনে বলা হয়েছে, বাণিজ্যযুদ্ধ মোকাবিলা নিয়ে গত কয়েক দিন ধরে আলোচনা করে এসেছে চীন সরকার। চীন থেকে কোন কোন জিনিস রপ্তানি করা হবে তা নিয়ে একটি নতুন বিধিমালা ব্যবস্থার খসড়া তৈরি করেছে চীন প্রশাসন। সেই খসড়া তালিকাতেই আছে বিরল খনিজ এবং চুম্বকের কথা। একবার এই নতুন ব্যবস্থা চালু হয়ে গেলে কয়েকটি কোম্পানিসহ যুক্তরাষ্ট্রের সামরিক কনট্রাক্টরদের জন্যও স্থায়ীভাবে এই খনিজ এবং চুম্বক রপ্তানি বন্ধ হয়ে ৭-এর পাতায় দেখুন

# সয়াবিন তেলের দাম লিটারে ১৪ টাকা বেড়ে ১৮৯ টাকা

**স্টাফ রিপোর্টার :** চার মাসের মাথায় দেশের বাজারে সয়াবিন তেলের দাম আবার বেড়েছে। এবার বোতলজাত সয়াবিনের দাম লিটারে ১৪ টাকা এবং খোলা সয়াবিন তেলের দাম বাড়ানো হয়েছে লিটারে ১২ টাকা। নতুন দাম আজ থেকেই কার্যকর হবে। মঙ্গলবার (১৫ এপ্রিল) সচিবালয়ে ভোজ্যতেলের আমদানি ও সরবরাহসহ সার্বিক বিষয়ে পর্যালোচনা সভা শেষে এ তথ্য জানান বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দিন। এর আগে গত বছরের ৯ ডিসেম্বর বোতলজাত সয়াবিন তেলের দাম বাড়ানো হয়েছিল। তখন লিটারপ্রতি দাম নির্ধারণ করা হয় ১৭৫ টাকা। পর্যালোচনা সভা শেষে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দিন বলেন, বোতলজাত সয়াবিন তেল প্রতি লিটারে ১৪ টাকা বাড়িয়ে ১৮৯ টাকা নির্ধারণ করা হয়েছে। আর খোলা সয়াবিন তেল প্রতি লিটারে ১২ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয়েছে ১৬৯ টাকা।

পাঁচ লিটারের প্রতি বোতল সয়াবিন তেলের দাম ৯২২ টাকা নির্ধারণ করা হয়েছে। নতুন দাম আজ থেকেই কার্যকর হবে বলে জানান তিনি। বাণিজ্য উপদেষ্টা জানান, স্থানীয় বাজার থেকে ভোজ্যতেলের জোগান বাড়াতে দুটি তেল কোম্পানি উৎপাদন শুরু করেছে। আরও ৬-৭টি তেল কোম্পানি তেল উৎপাদনের প্রক্রিয়ায় আসবে। গত ১৩ এপ্রিল রাতে এক বিজ্ঞপ্তিতে বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন তেলের দাম বাড়ানোর ঘোষণা দিয়েছিল। তবে সরকারের সিদ্ধান্ত না আসায় ওই দাম কার্যকর হয়নি।



## ১১৭ বার পেছাল সাগর-রুনি হত্যার তদন্ত প্রতিবেদন

**স্টাফ রিপোর্টার :** সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন জমার তারিখ ফের পিছিয়েছে। এ নিয়ে ১১৭ বারের মতো প্রতিবেদন জমার সময় বাড়ানো হলো। তদন্ত সংস্থা প্রতিবেদন দাখিল না করায় মঙ্গলবার (১৫ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এম. এ আজহারুল ইসলামের আদালত আগামী ২১ মে নতুন দিন ধার্য করেন। ২০১২ সালের ১১ ফেব্রুয়ারি মাছরাঙা টেলিভিশনের বার্তা সম্পাদক সাগর সারোয়ার ও এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরুন রুনিকে হত্যা করা হয়। এ ঘটনায় নিহত রুনির ভাই নওশের আলম রোমান শেরেবাংলা নগর থানায় একটি হত্যা মামলা করেন। আলোচিত এ হত্যা মামলায় রুনির বন্ধু তানভীর রহমানসহ মোট আসামি আটজন। অন্য আসামিরা হলেন বাড়ির নিরাপত্তারক্ষী এনাম আহমেদ ৭-এর পাতায় দেখুন

# ২৪ ঘণ্টার মধ্যে ২৫ জেলায় আম পৌঁছে দেবে ডাক বিভাগের 'স্পিডপোস্ট'

**স্টাফ রিপোর্টার :** দেশের ২৫টি জেলায় ২৪ ঘণ্টার মধ্যে গ্রীষ্মকালীন মৌসুমী ফল/আম পরিবহনের সুবিধা দিচ্ছে বাংলাদেশ ডাক বিভাগ। এছাড়া ২১টির বেশি জেলায় ৪৮ ঘণ্টার মধ্যে আম পৌঁছে দেওয়া হবে। মঙ্গলবার (১৫ এপ্রিল) ডাক অধিদপ্তরের পরিচালক কবির আহমেদের সই করা বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, গ্রীষ্মকালীন মৌসুমী ফল/আম পরিবহনের জন্য ডাক বিভাগের স্পিডপোস্টে'র মাধ্যমে প্রায় সব কটি জেলা শহরে (বান্দরবান খাগড়াছড়ি, নেত্রকোণা ব্যতীত) ২৪ থেকে ৪৮ ঘণ্টার মধ্যে পৌঁছে দেবে ডাক বিভাগ। ২৪ ঘণ্টার মধ্যে যেসব জেলায় যাবে ফল রাজশাহী, ঢাকা, সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, মাদারীপুর, শরীয়তপুর, ফরিদপুর, রাজবাড়ী, কুষ্টিয়া, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, জয়পুরহাট এবং কুড়িগ্রাম। রাঙ্গামাটি, কক্সবাজার, চট্টগ্রাম, ফেনী, নোয়াখালি, লক্ষ্মীপুর, কুমিল্লা, সিলেট, শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, গাজীপুরসহ অন্যান্য জেলা শহর। বিজ্ঞপ্তিতে বলা হয়, ওপরের জেলা শহরগুলো ছাড়া অন্যান্য জেলাগুলোতে পরবর্তী ৪৮ ঘণ্টার মধ্যে পৌঁছানো যাবে। স্পিড পোস্টে সর্বোচ্চ ৩০ কেজি পর্যন্ত আম/পার্সেল পরিবহন যায়। পণ্যের ওজন প্রথম কেজির জন্য ১০ টাকা এবং পরবর্তী প্রতি কেজি ৫ টাকা হারে ডাক মাশুল প্রযোজ্য। ২০১৮ সালের ৩ জুন থেকে বাংলাদেশ ৭-এর পাতায় দেখুন



**সম্পাদক ও প্রকাশক :** মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
**ফোন :** ০৯৬৩৮-৩৬০৭৪৩, **ই-মেইল :** news.manabikbangladesh@gmail.com, **ওয়েবসাইট :** www.manabikbangladesh.com.




# মার্কিন সাহায্য কমানোয় সেবা না পেয়ে মারা যাচ্ছে দক্ষিণ সুদানের শিশুরা

**আন্তর্জাতিক ডেস্কম :** মার্কিন সাহায্য কমানোয় জীবন রক্ষাকারী ক্লিনিকগুলোয় সেবা না পেয়ে দক্ষিণ সুদানের শিশুরা কলেরায় আক্রান্ত হয়ে মারা যাচ্ছে। কয়েক মাইল হেঁটেও দেশটির বাসিন্দারা চিকিৎসা কেন্দ্রে পৌঁছাতে পারছে না। গত বুধবার একটি আন্তর্জাতিক এনজিও সতর্ক বার্তায় এ তথ্য জানিয়েছে। খবর এএফপির। এএফপি জানায়, ২০১১ সালে স্বাধীনতার পর থেকে অত্যন্ত দরিদ্র দেশটি নিরাপত্তার সঙ্গে লড়াই করছে। সাম্প্রতিক সংঘর্ষের ফলে পাঁচ বছরের গৃহযুদ্ধের অবসান ঘটানো শান্তি চুক্তি হুমকির মুখে পড়েছে। দেশটিতে কলেরার প্রাদুর্ভাব দেখা দিয়েছে। সেপ্টেম্বর থেকে প্রায় ৪০ হাজার কলেরা আক্রান্তের খবর জানা গেছে। ইউনিসেফ জানায়, এটিকে দেশের সংক্ষিপ্ত ইতিহাসের সবচেয়ে খারাপ প্রাদুর্ভাব হিসেবে চিহ্নিত করা হয়েছে। ব্রিটিশ দাতব্য সংস্থা 'সেভ দ্য চিলড্রেন' বুধবার জানায়, দক্ষিণ সুদানের কমপক্ষে পাঁচ তরুণের মৃত্যু হয়েছে। দেশটির পূর্বাঞ্চলীয় জোংলেই রাজ্যে জীবন রক্ষাকারী সেবা পেতে তারা ঘণ্টার পর ঘণ্টা হেঁটে যান। দাতব্য সংস্থাটি পূর্ব আকোবো কাউন্টির ২৭টি ক্লিনিককে সহায়তা করেছিল। কিন্তু সংস্থাটি জানায়, ইউএসএআইডির সহায়তা কাটছাঁটের কারণে সাতটি ক্লিনিক স্থায়ীভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। বাকি ২০টি আংশিক খোলা রয়েছে। সংস্থাটি আরও জানায়, দেশব্যাপী প্রায় ৬০০টি ক্লিনিকের প্রায় ২০০ কর্মী ছাঁটাই করতে হয়েছে। ইউএসএআইডির বার্ষিক বাজেট যার প্রায় ৪৩ বিলিয়ন ডলার, যা বিশ্বের মানবিক সাহায্যের প্রায় ৪০ শতাংশ। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ওই বাজেটের কাটছাঁট করায় বিশ্বজুড়ে এর ওপর প্রভাব পড়েছে। ২৪ বছর বয়সী পুরোনো কলেরা রোগী সারাহ বলেন, 'আমরা আগে খুশি ছিলাম। অনেক ডাক্তার ও পর্যাপ্ত ওষুধ ছিল। তাই আমরা খুব বেশি কষ্ট পাইনি। কিন্তু এখন আমরা কষ্ট পাচ্ছি।' স্বেচ্ছাসেবক স্বাস্থ্যকর্মী মাইকেল বলেছেন, 'সাহায্য কাটছাঁটের পর থেকে রোগীরা ওষুধের অভাবে সংগ্রাম চালিয়েছে যাচ্ছে। আমরা রোগীদের কষ্ট দেখতে পাচ্ছি, কিন্তু তাদের সাহায্য করতে পারছি না।' 'এখন একটি গুরুতর কলেরা প্রাদুর্ভাব দেখা দিয়েছে' উল্লেখ করে মাইকেল বলেন, তারা শুধু রোগীদের খাবার স্যালাইন সরবরাহ করতে পারছেন। এর আগে ইউনিসেফ জানায়, সেপ্টেম্বর থেকে মার্চ পর্যন্ত প্রায় ৭০০ জন কলেরায় মারা গেছে। যার অর্ধেকই ১৫ বছরের কম বয়সী শিশু। ইউনিসেফ জানায়, দক্ষিণ সুদানের ১০টি রাজ্যের মধ্যে নয়টি রাজ্য কলেরায় আক্রান্ত হয়েছে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে পূর্বাঞ্চলীয় জোংলেই রাজ্য। দক্ষিণ সুদানের সেভ দ্য চিলড্রেনের কান্ট্রি ডিরেক্টর ক্রিস নিয়ামান্ডি এএফপিকে বলেন, এই অঞ্চলের পরিস্থিতি অত্যন্ত হৃদয়বিদারক। তিনি জোংলেইয়ের আকোবোর পূর্বাঞ্চলে একটি ভ্রমণের বর্ণনা দেন, যেখানে উপচে পড়া তাঁবুতে পর্যাপ্ত জায়গা না রাখায় অসুস্থ শিশুদের বাইরে গাছের নিচে শুয়ে রাখা হয়। নিয়ামান্ডি এক বিবৃতিতে বলেন, 'অন্যান্য দেশের ক্ষমতাধর ব্যক্তিদের নেওয়া সিদ্ধান্তের ফলে মাত্র কয়েক সপ্তাহের মধ্যে শিশু মৃত্যুর ঘটনা ঘটেছে। এই নিয়ে বিশ্বব্যাপী নৈতিক ক্ষোভ সৃষ্টি হওয়া উচিত।' নিয়ামান্ডি 'দক্ষিণ সুদানে মানবিক বিপর্যয়ের প্রতি মনোযোগ দেওয়ার জন্য আহ্বান জানিয়ে বলেন, এটি এমন একটি দেশ যেখানে পাঁচজনের মধ্যে চারজনের বেঁচে থাকার জন্য সাহায্যের প্রয়োজন।' নিয়ামান্ডি প্রাথমিক পদক্ষেপ হিসেবে উত্তেজনা আর না বাড়ার এবং যাতে করে চিকিৎসা ব্যবস্থা আর জটিল না হয় তা নিশ্চিত করার আহ্বান জানান। দেশের কিছু অংশে সম্প্রতি নতুন করে সহিংসতা দেখা দিয়েছে। প্রেসিডেন্ট সালভা কি ও তার দীর্ঘদিনের প্রতিদ্বন্দ্বী প্রথম ভাইস প্রেসিডেন্ট রিক মাচার উভয়ের মিত্র বাহিনীর মধ্যে সংঘর্ষে হাজার হাজার মানুষ বাস্তুচ্যুত হয়েছেন।

## ডোমিনিকান রিপাবলিকে নাইটক্লাবের ছাদধসে নিহত বেড়ে ১৮৪

**আন্তর্জাতিক ডেস্ক :** ডোমিনিকান রিপাবলিকের রাজধানী সান্টো ডোমিঙ্গোতে একটি নাইটক্লাবের ছাদ ধসে প্রাণ হারিয়েছেন অন্তত ১৮৪ জন, যার মধ্যে দুইজন প্রাক্তন মেজর লিগ বেসবল (এমএলবি) খেলোয়াড়ও রয়েছেন। দেশটির ইতিহাসে এটি সাম্প্রতিক সময়ের সবচেয়ে ভয়াবহ দুর্ঘটনাগুলোর একটি বলে মনে করা হচ্ছে। খবর সিএনএনের। স্থানীয় সময় সোমবার রাত ১টার দিকে রাজধানীর বিখ্যাত জেট সেট নাইটক্লাবে এ দুর্ঘটনা ঘটে। ওই সময় জনপ্রিয় মেরেঙ্গে শিল্পী রুবি পেরেজ এবং তার অর্কেস্ট্রা পারফর্ম করছিলেন। মঙ্গলবার উদ্ধার কাজ চলাকালীন তার মরদেহ উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে জরুরি বিভাগ। জেট সেট নাইটক্লাবের ভেতরে তখন কমপক্ষে ৩০০ মানুষ ছিলেন। ছাদ ধসে পড়ার পর প্রাথমিকভাবে ১৪৫ জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হলেও, কতজন আহত হয়েছেন তা এখনও নিশ্চিত করেনি কর্তৃপক্ষ। নিহতদের মধ্যে রয়েছেন প্রাক্তন এমএলবি খেলোয়াড় অক্টাভিও ডোটেল ও টনি ব্লাঙ্কো। ডোটেলকে জীবিত উদ্ধার করা হলেও হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। ডোটেলের শিক্ষা প্রতিষ্ঠান "কলেজিও সাবিদুরিয়া ই বালুয়ার্তে" এক শোকবার্তায় জানিয়েছে, "তিনি আমাদের সকলের মনে অম্লান ছাপ রেখে গেছেন।"এছাড়াও নিহতদের মধ্যে রয়েছেন মন্টে ক্রিস্টি প্রদেশের গভর্নর নেলসি ক্রুজ, যিনি এমএলবি তারকা নেলসন ক্রুজের আত্মীয়। ডোমিনিকান প্রেসিডেন্ট লুইস আবিনাডার দেশজুড়ে শোক ঘোষণা করেছেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর প্রতি সমবেদনা জানিয়েছেন। পাবলিক ওয়ার্কস মন্ত্রী এদুয়ার্দো এস্ত্রেয়ার ছেলে এখনও নিখোঁজ রয়েছেন বলে জানানো হয়েছে।

হল অফ ফেম বেসবল খেলোয়াড় পেড্রো মার্টিনেজ জানিয়েছেন, দুর্ঘটনায় তার পরিবারের কয়েকজন সদস্য নিখোঁজ আছেন। তিনি ইনস্টাগ্রামে লিখেছেন, "আমরা গভীরভাবে শোকাহত। যুক্তরাষ্ট্রে যাদের আত্মীয়-স্বজন ডোমিনিকান রিপাবলিকে রয়েছেন, তাদের জন্য আমাদের সমবেদনা।" ঘটনার ভিডিও ফুটেজে দেখা গেছে, মঞ্চে সংগীত পরিবেশনের সময় ছাদের কিছু অংশ ধসে পড়ছে, আর কয়েক সেকেন্ডের মধ্যে সম্পূর্ণ ছাদ নিচে পড়ে যায়।

# ডিভোর্সের গুঞ্জন নিয়ে এবার মুখ খুললেন ওবামার স্ত্রী

**আন্তর্জাতিক ডেস্ক :** সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার পর এবার ডিভোর্সের গুঞ্জন নিয়ে মুখ খুললেন তার স্ত্রী মিশেল ওবামা। গত মঙ্গলবার প্রচারিত একটি পডকাস্টে এ নিয়ে কথা বলেন তিনি। চলতি বছর সাবেক মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টারের শেষকৃত্য এবং প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শপথ অনুষ্ঠানে অনুপস্থিত থাকার কারণও ব্যাখ্যা করেছেন মিশেল। খবর সিএনএনের। ওই পডকাস্টে মিশেল বলেন, আমি এখন নিজেকে এবং নিজের পরিবারকে সময় দিচ্ছি। নিজেদের চাহিদামতো সময় কাটাচ্ছি। আট বছর আগে হোয়াইট হাউসে থাকার কথা স্মরণ করে তিনি বলেন, আগে সবসময় নিজের মতো করে সময় কাটানো সম্ভব ছিল না। তবে এখন আমি নিজের ক্যালেন্ডার নিজেই সাজাতে পারছি। নিজের সিদ্ধান্ত নিজেই নিচ্ছি। আগে সেই স্বাধীনতা ছিল না। গত জানুয়ারিতে প্রেসিডেন্ট ট্রাম্পের শপথ অনুষ্ঠান এবং সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টারের শেষকৃত্য অনুষ্ঠানে বারাক ওবামার সঙ্গে তার অনুপস্থিত থাকার কারণ ব্যাখ্যা করে তিনি বলেন, আমি এখন নিজের মতো করে করণীয় ঠিক করছি। বাচ্চাদেরকে বেশি সময় দেওয়ার চেষ্টা করছি। তাদের পড়াশোর খেয়াল রাখছি। আর কিছু মানুষ মনে করছে, ওবামার সঙ্গে আমার বিচ্ছেদ হতে যাচ্ছে। সম্প্রতি হ্যামিলটন কলেজের প্রেসিডেন্ট স্টিভেন টেপারের সঙ্গে এক কথোপকথনে বারাক ওবামাও বলেন, এখন তার স্ত্রী মিশেল ওবামার সঙ্গে অনেক বেশি সময় কাটাচ্ছেন। তিনি স্বীকার করেন, প্রেসিডেন্ট হিসেবে হোয়াইট হাউসে দুই মেয়াদ কাটানোর সময় মিশেলের সঙ্গে তার সম্পর্ক বেশ ক্ষতিগ্রস্ত হয়েছিল।

## ইন্দোনেশিয়ায় ১৭ জনকে হত্যার দাবি বিদ্রোহী গোষ্ঠীর

**আন্তর্জাতিক ডেস্ক :** ইন্দোনেশিয়ার পাপুয়া অঞ্চলে বিগত কয়েকদিনে ১৭ জনের বেশি মানুষকে হত্যার দাবি করেছে স্থানীয় বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী। গতকাল বৃহস্পতিবার প্রকাশিত এক বিবৃতিতে বিদ্রোহীরা এ কথা বলেছে। ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্স এ খবর জানিয়েছে। পাপুয়ান বিদ্রোহীদের এক মুখপাত্র সেবি সামবম বলেছেন, গত ৬ এপ্রিল থেকে ১৭ জনের বেশি মানুষকে হত্যা করেছে তারা। কেবল বুধবারই পাঁচজনকে হত্যা করা হয়। তাদের দাবি, নিহতরা আসলে সেনা সদস্য ছিলেন, যারা স্বর্ণখনির শ্রমিকবেশে অভিযানে এসেছিলেন। সরকারের প্রতি চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে সেবি বলেছেন, ইন্দোনেশিয়া সরকারের সেনাবাহিনী যদি আমাদের ধাওয়া করতেই চায়।

# ছয় সপ্তাহ ধরে অবরুদ্ধ গাজা, শেষ খাবারটুকুও ফুরিয়ে যাচ্ছে

**আন্তর্জাতিক ডেস্ক :** মার্চের শুরু থেকেই গাজায় ঢোকার চেকপয়েন্টগুলো বন্ধ করে রেখেছে ইসরায়েল। ফলে ঢুকতে পারছে না ত্রাণবাহী ট্রাক। শীঘ্রই এই চেকপয়েন্টগুলো খোলা না হলে, ক্ষুধায় নিশ্চিতভাবেই মৃত্যু হবে বেশিরভাগ গাজাবাসীর। গাজা উপত্যকার ২৩ লাখ বাসিন্দার জন্য সব ধরনের সরবরাহ সম্পূর্ণভাবে বন্ধ করার ছয় সপ্তাহ পার হয়েছে। বছরের শুরুতে যুদ্ধবিরতির সময় যেটুকু খাবার মজুত করা হয়েছিল তা



প্রায় শেষ হয়ে এসেছে। জরুরি খাবার বিতরণ থেমে যাচ্ছে, বেকারিগুলো বন্ধ, বাজারগুলো খালি। খান ইউনিসের একটি শরণার্থী শিবিরে প্লাস্টিকের ছাউনি ঘেরা ঘনবসতিপূর্ণ এলাকায় নিজের পরিবারের সঙ্গে বসবাস করছেন আখরাস (৬৪)। সেখানেই তিনি কার্ডবোর্ড জ্বালিয়ে আগুন জ্বালান এবং একটি শিমের ক্যান গরম করেন। এটাই তাদের শেষ খাবার। তিনি বলেন, আমরা ১৩ জনের পরিবার। এক ক্যান ফাভা শিম দিয়ে কী হবে? আখরাস আরও বলেন, 'আমরা যুদ্ধ বেঁচে গেছি, প্রতিদিন সকাল-বিকেল বোমাবর্ষণ সহ্য করেছি। কিন্তু আমরা ক্ষুধা সহ্য করতে পারবো না। না আমরা, না আমাদের সন্তানরা।' উত্তরে নুসাইরাত শরণার্থী শিবিরে শত শত ফিলিস্তিনি একটি খোলা জায়গায় রান্না করা গরম ভাতের জন্য একটি সারিতে দাঁড়িয়ে আছেন। ছোট শিশুরা সামনে এগিয়ে আসছে, হাতে বালতি-পরিবারের জন্য কিছু খাবার নিয়ে যেতে চায় তারা। এই জরুরি খাবার বিতরণ যেসব ত্রাণ সংস্থা চালাচ্ছে। তারা বলছে, যদি নতুন করে খাবার ঢুকাতে না পারে, তাহলে আর কয়েকদিনের মধ্যেই তাদেরও এই খাবার বিতরণ বন্ধ করে দিতে হবে। বিশ্ব খাদ্য কর্মসূচি আগে গাজার ২৫টি বেকারিতে রুটি সরবরাহ করতো। এখন সবগুলো বেকারি বন্ধ। অল্প পরিমাণ খাদ্যসামগ্রী বিতরণও বন্ধ হয়ে যেতে চলেছে। জাতিসংঘের ফিলিস্তিনি শরণার্থী সংস্থার জুলিয়েট তৌমা বলেছেন, সব ধরনের নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র শেষ হয়ে যাচ্ছে। তিনি বলেন, গত এক মাসের বেশি সময় ধরে ইসরায়েলি কর্তৃপক্ষ গাজা অবরোধ করায় জিনিসপত্রের দাম আকাশছোঁয়া হয়ে গেছে। এর মানে, শিশুরা, নবজাতকেরা না খেয়ে ঘুমোতে যাচ্ছে। প্রতিদিন এই সামগ্রী ছাড়া গাজা গভীর দুর্ভিক্ষের দিকে আরও এক ধাপ এগোচ্ছে। ইসরায়েলি সেনাবাহিনী বলছে, গাজা শাসনকারী হামাস ত্রাণের অপব্যবহার করছে। হামাস যোদ্ধাদের হাতে যাতে ত্রাণ না পৌঁছে, সেজন্যই তারা সব সরবরাহ বন্ধ রেখেছে। হামাস তাদের বিরুদ্ধে এমন অভিযোগ অস্বীকার করেছে। বরং ইসরায়েলকে ক্ষুধাকে যুদ্ধকৌশল হিসেবে ব্যবহারের অভিযোগ করেছে। নুসাইরাতে নাইমা ফারজাল্লা বলেছেন, 'যদি আমরা বোমায় না মরি, তাহলে ক্ষুধায় মরবো।' সূত্রঃ রয়টার্স





## ঢাকায় শাবনূরের ঝটিকা সফর

**বিনোদন ডেস্ক :** রঙিন দুনিয়া ছেড়ে পরিবার নিয়ে দূরদেশে থিতু হয়েছেন বাংলাদেশের রুপালি পর্দার নায়িকা শাবনূর। প্রায় এক দশক ধরে অস্ট্রেলিয়ার সিডনিতে থাকছেন নায়িকা। এর মধ্যে কোনো কাজ থাকলে দেশে আসেন, নয়তো আসেন না। তবে শাবনূর দেশে আসলেও খানিকটা সময় নিয়েই আসেন। কিছু কাজ থাকলে তা সেরে আবার চলে যান। এতটা দিন এই তারকার সঙ্গে নিজ দেশের সম্পর্ক এখন এমনই। কিন্তু এবারও দেশে এসেছিলেন শাবনূর। এতটাই চুপিসারে এসে ঘুরে গেছেন কে, কাউকে বুঝতেও দেননি। অবশ্য, কেনই বা বুঝতে দেবেন; এমন ভালো পরিস্থিতিতেও ছিলেন না নায়িকা। সে সময় তার মাঝে ছিল ব্যাপক উদ্বেগ-উৎকণ্ঠা ও শঙ্কা। দেশের আসার এই খবর সদ্যই জানিয়ে দেন নায়িকা নিজেই। গণমাধ্যমকে দেওয়া এক বার্তায় শাবনূর জানান, সে সময়টা পুরোটা অস্থিরতায় কেটেছে তার। তাই তেমন কাউকে জানানোটা হয়ে ওঠেনি। কিন্তু কী কারণে এত তাড়াহুড়া ছিল শাবনূরের? জানালেন, নিজের অসুস্থ মা কে নিয়ে যেতেই ঢাকায় এসেছিলেন শাবনূর। তা আবার খুবই স্বল্প সময়ের জন্য। মাত্র আট ঘণ্টা ঢাকায় অবস্থান করেন নায়িকা। শাবনূর বলেন, 'এক মাস ধরে আম্মা বিভিন্ন শারীরিক সমস্যায় ভুগছিলেন। ঢাকার বড় বড় হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকদের দেখিয়েছেন। তাতে কাজ হয়নি, আম্মার অসুস্থতা আরও বাড়তে থাকে। আম্মার নিউমোনিয়া হয়েছে। ২৮ মার্চ এমন অবস্থা হয়েছিল, আম্মা কথা বলার মতো শক্তি হারিয়ে ফেলছেন। আমি সেদিন রাতেই অনেক কষ্টে টিকিট পেয়ে যাই, একা- এক কাপড়েই রওনা হই। পুরোটা সময় যে কীভাবে কেটেছে বোঝাতে পারব না।



# দর্শকদের কৃতজ্ঞতা জানালেন নুসরাত ফারিয়া

**বিনোদন ডেস্ক :** এবার ঈদে প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে ছয়-ছয়টি ছবি। প্রায় সব ছবিতেই রয়েছে একাধিক গান। তার মধ্যে শ্রোতামহলে ব্যাপক সাড়া ফেলেছে কামরুজ্জামান রোমানের 'জ্বীন ৩' ছবির 'কন্যা' গান। গানটি যখন প্রকাশ পায়, তখন থেকেই শ্রোতা-দর্শকের আগ্রহ ছিল তুঙ্গে। সামাজিক মাধ্যমে গানটি নিয়ে আলোচনা ছিল দেখার মতো। বলা বাহুল্য, এই গানের দৃশ্যে থাকা চিত্রনায়িকা নুসরাত ফারিয়ার ঝলকানিতে মজেছিলেন দর্শকেরা; যার ফলাফল এক নতুন মাইলফলক! গত ১৭ মার্চ জাজ মাল্টিমিডিয়ার চ্যানেলে প্রকাশ হয় কন্যা। গতকাল বৃহস্পতিবার পর্যন্ত গানটির ভিউ ছাড়িয়ে যায় এক কোটি ৫ লাখের ওপরে। আর এদিনই নিয়ে দর্শক-শ্রোতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন নুসরাত ফারিয়া। এক ফেসবুক পোস্টে নায়িকা লেখেন, 'কোটি র ঘরে কন্যা। এত এত ভালোবাসা দেওয়ার জন্য আমি সকলের কাছে কৃতজ্ঞ।' 'কন্যা' গেয়েছেন ইমরান মাহমুদুল ও দিলশাদ নাহার কণা। উৎসবের আমেজে তৈরি করা এ গান প্রকাশিত হওয়ার পর রুনা লায়লাসহ শোবিজের অনেক তারকা শেয়ার করেছেন, বাহবা দিয়েছেন। সামাজিক মাধ্যমেও গানটি নিয়ে প্রচুর রিল-শর্টস-টিকটক হচ্ছে। এ গানের কথা লিখেছেন রবিউল ইসলাম জীবন। সুর ও সংগীত ইমরানের। গানের দৃশ্যে নুসরাত ফারিয়ার সঙ্গে পর্দা ভাগ করেছেন অভিনেতা আব্দুন নূর সজল।

# নতুন সিনেমা নিয়ে আসছেন ববি

**বিনোদন ডেস্ক :** একটি সিনেমার শুটিং শেষ হওয়ার আগেই সেই নির্মাতার আরেকটি ছবির কাজের প্রস্তাব পেয়েছেন ইয়ামিন হক ববি। তরুণ নির্মাতা এস কে নিলয়ের 'বউ' ছবিতে অভিনয় করছেন তিনি। ছবিটির গানে শুটিং আছে বাকি। এ নির্মাতার নতুন সিনেমাটির নাম 'দিওয়ানা'। ববির সঙ্গে এর মধ্যে প্রাথমিক আলাপ সেরেছেন নির্মাতা। এর কাহিনি লিখছেন দেলোয়ার হোসেন দিল। এটি শহুরে গল্প। এ কারণে রাজধানীতে হবে দৃশ্যধারণ। ববির বিপরীতে কে অভিনয় করবেন তা এখনো চূড়ান্ত হয়নি। নিলয় বলেন,



'ববিকে নিয়ে 'বউ' সিনেমার কাজ করছি। তার সঙ্গে আমার প্রথম কাজ ছিল এটি। সহযোগিতাপরায়ণ একজন শিল্পী। আমার পরবর্তী 'দিওয়ানা' সিনেমার জন্য তাকেই মানানসই মনে হয়েছে। এ কারণে তাকে নিয়ে কাজ করতে যাচ্ছি। এখন নায়ক ঠিক করেনি। তবে কাজটা নিয়ে কিছুদিন মধ্যে জানবো সবাইকে। নতুন কাজ নিয়ে এ অভিনেত্রী বলেন, 'দিওয়ানা' সিনেমার বিষয়ে কথা হয়েছে। সবকিছু ঠিক থাকলে কাজ করব। বেশ কিছুদিন আগেই 'বেইমান' সিনেমার শুটিং করেছি। 'বউ' সিনেমার শুটিংয়ে অংশ নেব। এরপর বদিউল আলম খোকনের পরিচালনায় 'তছনছ' সিনেমার শুটিং শুরু করব। দেশের বাইরে আরও একটি সিনেমার কথা হচ্ছে। বলা চলে কাজের মধ্যেই আছি। অভিনয় নিয়েই থাকতে চাই। 'খোঁজ দ্য সার্চ' সিনেমার মাধ্যমে ফিল্ম ইন্ডাস্ট্রিতে পা রাখেন ববি। সে হিসেবে শোবিজে তার পথচলা দেড় দশকের বেশি। এ পথচলা মোটেই সহজ ছিল না। নানা চড়াই-উতরাইয়ের মধ্য দিয়ে যেতে হয়েছে তাকে। অভিনয় ক্যারিয়ারে ববি উপহার দিয়েছেন- 'দেহরক্ষী', 'রাজত্ব', 'অ্যাকশন জেসমিন', 'বিজলী', 'বেপরোয়া', 'নোলক'র মতো সিনেমা। বর্তমানে ববির হাতে রয়েছে বেশ কয়েকটি সিনেমা। তার অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা ছিল 'ময়ূরাক্ষী'। রাশিদ পলাশ পরিচালিত রহস্যধর্মী এ সিনেমাটি গত বছর মুক্তি পেয়েছিল। এতে তার বিপরীতে দেখা গেছে সুদীপ বিশ্বাস দ্বীপকে। যদিও সিনেমাটি ব্যবসায়িক সাফল্য পায়নি।

## জীবনের নতুন অধ্যায় শুরু করলেন রিয়া চক্রবর্তী

**বিনোদন ডেস্ক :** ভাইবোন দিবসে (সিবলিং ডে) নতুন চিরন্তন বন্ধনের ছবি প্রকাশ করলেন বলিউড অভিনেত্রী রিয়া চক্রবর্তী। জীবনের নতুন অধ্যায় শুরু করছেন তিনি। কিছু দিন আগেই সিবিআই সুশান্ত সিং রাজপুত মৃত্যু-মামলার চূড়ান্ত রিপোর্ট পেশ করেছে। সেখানে বলা হয়েছে, আত্মহত্যাই করেছিলেন সুশান্ত। বেকসুর প্রমাণিত হয়েছেন রিয়া। বিশেষ দিনে ভাইয়ের সঙ্গে ছবি দিয়ে মনের আনন্দ আর পারস্পরিক বন্ধনের কথাই বোধহয় তুলে ধরলেন তিনি। ২০২০ সালে অভিনেতার মৃত্যু নিয়ে জলঘোলা হয়েছিল বিস্তর। আত্মহত্যায় প্ররোচনা দেওয়া, মাদকযোগ, এমনকি খুনের অভিযোগও উঠেছিল রিয়ার বিরুদ্ধে। এক মাস সংশোধনাগারেও থাকতে হয়েছিল অভিনেত্রীকে। অবশেষে সেই সব অভিযোগ থেকে মুক্তি পেয়েছেন। তাই এবার জীবনের দ্বিতীয় অধ্যায় শুরু করছেন রিয়া। গতকাল বৃহস্পতিবার অভিনেত্রী একটি ছবি শেয়ার করেছেন সামাজিক যোগাযোগ মাধ্যমে। ভাইয়ের কাঁধে মাথা রেখে অভিনেত্রী, শান্তিতে চোখ বুজে রয়েছেন শৌভিক চক্রবর্তীও। রিয়া এই ছবি ভাগ করে নিয়ে লিখেছেন, 'ছোট্ট ভাই আমার। জীবনের দ্বিতীয় অধ্যায় শুরু হল।'

## যে কারণে বিয়ের পিঁড়িতে বসেননি সুস্মিতা

**বিনোদন ডেস্ক :** বিয়ে না হওয়ায় কোনো আক্ষেপ নেই বলে জানিয়েছেন সাবেক বিশ্বসুন্দরী ও বলিউড অভিনেত্রী সুস্মিতা সেন। বরং ভুল মানুষের সঙ্গে বিয়ে হতে হতে বেঁচে গেছেন, তা ভেবে স্বস্তি অনুভব করেন অভিনেত্রী। ৫০ ছুঁই ছুঁই বয়স। এখনো অবিবাহিত সুস্মিতা সেন। মাত্র ১৮ বছর বয়সে ব্রহ্মাণ্ডসুন্দরীর তকমা পেয়েছিলেন অভিনেত্রী। সেখান থেকেই অভিষেক বিনোদন জগতের সিনেমা ইন্ডাস্ট্রিতে। বলিউডে কাজ করতে করতে সিদ্ধান্ত নিয়েছিলেন মা হওয়ার। মাত্র ২৪ বছরেই একাকী মায়ের সব দায়িত্ব পালন করেছেন তিনি। তার জীবন অনেকের কাছেই অনুপ্রেরণা। সেই জীবনে যেমন সাফল্য দেখেছেন, তেমনই ব্যর্থতাও দেখতে হয়েছে। একাধিকবার মন দিয়েছেন, আবার মন ভেঙেছেও অনেকবার। কিন্তু সুস্মিতা ঠিক আর পাঁচজনের মতো চেনা পথের পথিক নন। তাকে ভিড়ের মাঝেও আলাদা দেখতে পাওয়া যায়।

# ফাঁস হলো তামান্নার নতুন আইটেম গানের শুটিং ভিডিও

**বিনোদন ডেস্ক :** শুটিং সেটে একদল নৃত্যশিল্পীর সঙ্গে নাচের জন্য প্রস্তুত তামান্না ভাটিয়া। দলটির সবার সামনে দাঁড়িয়ে আছেন তিনি। তামান্নার পরনে ঝলমলে ব্রালেট ও হাই স্লিট লেহেঙ্গা। এ পোশাকে আবেদনময়ী তামান্না উষ্ণতা ছড়াচ্ছেন। সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া একটি ভিডিও ক্লিপে এমন দৃশ্য দেখা যায়। 'ভাইরাল ভায়ানি' নামের এই ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে দাবি করা হয়েছে– "রেইড টু' সিনেমার আইটেম গানের দৃশ্য ভাইরাল। গানটির শুটিং সেট থেকে ভিডিও ক্লিপটি ফাঁস হয়েছে।" দক্ষিণী সিনেমার নায়িকাদের মধ্যে তামান্না খুব ভালো একজন নৃত্যশিল্পী। অনেক সিনেমার আইটেম গানে কোমর দুলিয়ে প্রশংসাও কুড়িয়েছেন। গত বছর 'আজ কি রাত' গানে নেচে হইচই ফেলে দেন। কয়েক দিন আগে জানা যায়, 'রেইড টু' সিনেমার আইটেম গানে দেখা যাবে তাকে। তারপর থেকে আলোচনায় রয়েছেন তামান্না। এরই মধ্যে ভিডিও ক্লিপটি ভাইরাল হওয়ায় পুরোনো আলোচনার পালে নতুন করে হাওয়া লেগেছে। তামান্নাকে এমন লুকে দেখে নানা ধরনের মন্তব্য করছেন নেটিজেনরা। অনেকে তার ভূয়সী প্রশংসা করছেন। অনেকে আবার নতুন আইটেম গানটিকে 'আজ কি রাত ২.০' বলছেন। আবার কেউ কেউ লুকটিতে 'আজ কি রাত' গানের লুকের সঙ্গে মিল খুঁজে পেয়েছেন। এর আগে ইন্ডিয়া টুডে জানায়, অজয় দেবগনকে নিয়ে



পরিচালক রাজ কুমার গুপ্তা নির্মাণ করছেন 'রেইড টু'। এ সিনেমার আইটেম গানে দেখা যাবে তামান্নাকে। এরই মধ্যে মুম্বাইয়ে গানটির শুটিংয়ে অংশ নিয়েছেন এই অভিনেত্রী। হাই ভোল্টেজের আইটেম গানটি সিনেমার গল্পের গুরুত্বপূর্ণ সময়ে রাখা হবে। প্রযোজনা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট একটি সূত্র সংবাদমাধ্যমটিকে বলেন, "তামান্না ভাটিয়া আনুষ্ঠানিকভাবে 'রেইড টু' সিনেমার হাই এনার্জি আইটেম গানের শুটিং শুরু করেছেন। শুটিং সেটে গানটি নিয়ে ব্যাপক আলোচনা চলছে। 'কাভালা', এবং 'আজ কি রাত'-এর মতো আকাশচুম্বী সফল আইটেম গানের পর নতুন গানে পারফর্ম করায় তার প্রতি দর্শকদের প্রত্যাশাও ব্যাপক। ঝলমলে আলো, বোল্ড কালার প্যালেট, স্ট্রোব ইফেক্টসহ অসাধারণ সেট ডিজাইন করেছে শুটিং টিম; যা তামান্না ভাটিয়ার দৃশ্যমান আবেদন আরো বৃদ্ধি করবে।" আইটেম গানে তামান্নার পোশাক নিয়ে সূত্রটি বলেন, "ট্র্যাকটি গ্ল্যামারাস, যেখানে সিকুইন পোশাক পরে তামান্না তার সিগনেচার নাচ পরিবেশন করবেন। এটা নিশ্চিত করা হয়েছে যে, এ গানে ইয়ো ইয়ো হানি সিংয়ের সঙ্গে পারফর্ম করবেন না তামান্না। তবে এ গানের গায়িকাকে গোপন রেখেছেন নির্মাতারা।" 'রেইড টু' সিনেমায় অজয়ের বিপরীতে অভিনয় করছেন বাণী কাপুর। প্রথম পার্টে তার বিপরীতে অভিনয় করেছিলেন ইলিয়ানা ডিক্রুজ। 'রেইড' সিনেমায় আরো অভিনয় করছেন– রীতেশ দেশমুখ, রজত কাপুর, সুপ্রিয়া পাঠক প্রমুখ। তা ছাড়াও সিনেমাটির বিশেষ চরিত্রে জ্যাকলিন ফার্নান্দেজ ও হানি সিংয়ের অভিনয়ের কথা রয়েছে। আগামী ১ মে সিনেমাটি প্রেক্ষাগৃহে মুক্তির পরিকল্পনা করেছেন নির্মাতারা।



মৌলভীবাজারের শ্রীমঙ্গল থেকে লেবু আনা হয়েছে সিলেট নগরের সোবহানীঘাট বাজারে। বিক্রির জন্য ঝাঁপিতে করে সাজিয়ে রাখছেন পাইকারি বিক্রেতারা। এখান থেকে খুচরা বিক্রেতারা লেবু কেনেন। সোবহানীঘাট, সিলেট।

# বরিশালে উপজেলা পর্যায়ে শিশু পার্কের উদ্বোধণ

**বরিশাল প্রতিবেদক :** ছাত্রীদের স্বাস্থ্য সুরক্ষায় হাইজিন কর্নার, অভিভাবকদের জন্য ছাউনি এবং উপজেলা পর্যায়ের শিশুদের উন্মুক্ত বিনোদনের জন্য শিশু পার্কের উদ্বোধণ করেছেন জেলা প্রশাসক মোহাম্মদ দেলোয়ার হোসেন। গৌরনদী উপজেলা প্রশাসনের আয়োজনে গত বুধবার সন্ধ্যায় উপজেলা পরিষদ চত্বরের ডাক বাংলোর সামনে প্রধান অতিথি হিসেবে জেলা প্রশাসক শিশুদের নিয়ে ফিতা ও কেক কেটে আনুষ্ঠানিকভাবে উপজেলা পর্যায়ের উন্মুক্ত শিশু পার্কের উদ্বোধণ করেছেন। গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মো. আবু আবদুল্লাহ খানের পরিকল্পনায় উপজেলা পরিষদ চত্বরে পৌরসভার অর্থায়নে শিশুদের উন্মুক্ত বিনোদনের জন্য বিভিন্ন রাইড স্থাপনের মাধ্যমে শিশু পার্কটি দৃষ্টিনন্দন করে ফুটিয়ে তোলা হয়েছে। উদ্বোধনী দিনেই শত শত শিশুদের নিয়ে তাদের অভিভাবকরা ছুটে আসেন গৌরনদী শিশু পার্কে। দীর্ঘদিন থেকে উন্মুক্ত বিনোদন বঞ্চিত গৌরনদীবাসীর স্বতস্ফূর্ত অংশগ্রহণ দেখে আবিভূত হয়েছেন শিশু পার্ক নির্মানের প্রধান উদ্যোক্তা উপজেলা নির্বাহী অফিসার ও তার সহধর্মীনি অ্যাডভোকেট ফাতিমা আক্তার।

ওইদিন বিকেলে জেলা প্রশাসক গৌরনদীর বাটাজোর অশ্বীনি কুমার ইনষ্টিটিউট এবং মাহিলাড়া এএন মাধ্যমিক বিদ্যালয়ে হাইজিন কর্নার ও গৌরনদী সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক ছাউনির উদ্বোধণ করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মো. আবু আবদুল্লাহ খানের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. রাজিব হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জাহানারা পারভীন, উপজেলা প্রকৌশলী মো. অহিদুর রহমান, প্রেসক্লাবের কো-আহবায়ক জহুরুল ইসলাম জহির, খোন্দকার মনিরুজ্জামান, উপজেলা সহকারী কমিশনারের (ভূমি) সহধর্মীনি ইসাবেলা ইয়াসমিন, বিএডিসির উপ-সহকারী প্রকৌশলী সাহেদ আহমেদ চৌধুরী প্রমুখ।

## চিলমারীতে ব্রীজের সুবিধা থেকে বঞ্চিত পাঁচ গ্রামের মানুষ

**চিলমারী, কুড়িগ্রাম প্রতিনিধি :** কুড়িগ্রামের চিলমারী উপজেলার থানাহাট ইউনিয়নের বজরাতবকপুর এলাকায় ব্রীজের সংযোগ সড়কের মাটি ও ইট সরে যাওয়ায় কোন কাজে আসছে না ব্রীজটি পাঁচ গ্রামের মানুষের। যানবাহন কোনভাবেই পারাপার করতে পারছে না এবং পথচারীদের মধ্যে কেউ কেউ অতিকষ্টে ব্রীজটি পারাপার হচ্ছেন। যানবাহন ও যাত্রীদেরকে মালামাল নিয়ে ৩-৪ কিলোমিটার পথ পাড়ি দিয়ে ঘুরে ঘুরে গন্তব্যে যেতে হচ্ছে। এতে যাত্রী সাধারনকে অতিরিক্ত ব্যয়ভার বহন করতে হচ্ছে। ২০২২ এবং ২০২৩ অর্থ বছরে ব্রীজটি নির্মান করা হয় তখন থেকে রাস্তাটি সংস্কার না করায় ব্রীজের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন পাঁচ গ্রামের মানুষ। বিপাকে পড়েছেন স্কুল, কলেজ ও বিদ্যালগামী শিক্ষার্থীরা। তাদেরকে ঘুরে অন্য রাস্তা দিয়ে স্কুল, কলেজ, মাদ্রাসা যেতে অতিরিক্ত সময় লাগছে। মজাইডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তানিয়া চৌধুরী জানান, ব্রীজটির সংযোগ রাস্তা সংস্কার না হওয়ায় অন্য রাস্তা দিয়ে বিদ্যালয় যেতে সময় এবং অর্থ দুটোই অপচয় হচ্ছে। ঐ এলাকার স্থায়ী বাসিন্দা রেজাউল করিম জানান, ব্রীজটি দিয়ে মালামাল নিয়ে যেতে না পারায় ৩-৪ কিলোমিটার পথ ঘুরে যেতে হচ্ছে। এতে করে অতিরিক্ত অর্থ ও সময় লাগছে। এ ব্যাপারে চিলমারী উপজেলা প্রকৌশলী মোঃ জুলফিকার আলী জানান, রাস্তাটি মেরামতের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

## ইন্দুরকানীতে এসএসসি ও সমমানের পরীক্ষা শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন

**জিয়ানগর, পিরোজপুর প্রতিনিধি :** পিরোজপুরের ইন্দুরকানীতে এসএসসি ও সমমানের প্রথম দিনের পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। গতকাল বৃহস্পতিবার প্রথম দিনের পরীক্ষায় উপজেলার ইন্দুরকানী মেহেউদ্দিন মডেল মাধ্যমিক বিদ্যালয় ও সেতারা স্মৃতি সরকারি বালিকা বিদ্যালয় এসএসসি কেন্দ্রে ৬১৬ জন পরীক্ষার্থীর মধ্যে ১১জন, ভবানীপুর মাধ্যমিক বিদ্যালয় ভোকেশনাল কেন্দে ৪৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ জন ও টগড়া দারুল ইসলাম কামিল মাদ্রাসা কেন্দ্রে ৩৭৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১৭ জন অনুপস্থিত রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক হাসান-বিন-মুহাম্মদ আলী জানান, আমি পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শণ করি এবং কোন ধরণের অপ্রিতিকর ঘটনা ছাড়াই সুষ্ঠু পরিবেশে প্রথম দিনের পরীক্ষা শেষ হয়েছে।

## সরাইলে সংঘর্ষে আহত ব্যক্তির মৃত্যু, সতর্কাবস্থায় পুলিশ

**সরাইল, ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি :** ব্রাহ্মণবাড়িয়ার সরাইলের তেরকান্দা গ্রামে সংঘর্ষে আহত মো. জসিম মিয়া (৪৮) মৃত্যুবরণ করেছেন। প্রয়াত মুসলেম উদ্দিনের ছেলে জসিমের মৃত্যুর খবরে এলাকায় উত্তেজনা বিরাজ করছে। তবে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে ওই গ্রামে অবস্থান করছেন সরাইল থানা পুলিশ।



গবাদিপশুর জন্য ঝুড়িভর্তি ঘাস নিয়ে বাড়িতে ফিরছেন দুই পাহাড়ি নারী। ভাঙ্গামুড়া, বান্দরবান।

## বরিশালে ডায়রিয়ার প্রকোপ শয্যা সঙ্কটে মেঝেতে সেবা নিচ্ছেন রোগীরা

**বরিশাল প্রতিবেদক :** চৈত্রের কাঠফাটা রোদ আর তাপপ্রবাহের সাথে বরিশালে পাল্লা দিয়ে বাড়ছে ডায়রিয়ার প্রকোপ। বরিশাল জেনারেল হাসপাতালে গত তিনদিন থেকে প্রতিদিন গড়ে ৩০ থেকে ৪০ জন নারী-পুরুষ ডায়রিয়ায় আক্রান্ত হয়ে ভর্তি হচ্ছেন। তবে পর্যাপ্ত বেড না থাকায় বাধ্য হয়েই রোগীদের সেবা নিতে হচ্ছে হাসপাতালের মেঝেতে। পরিস্থিতি মোকাবেলায় পর্যাপ্ত স্যালাইন মজুদ রয়েছে বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। তবে রোগীদের সামলাতে চরম হিমশিম খেতে হচ্ছে কর্তব্যরত চিকিৎসক ও নার্সদের। পাশাপাশি হাসপাতালের বহির্বিভাগেও চিকিৎসা নিচ্ছেন রোগীরা। বরিশাল জেনারেল হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডের নার্স অর্চনা রানী জানান, গরম বাড়ার সাথে সাথে হাসপাতালে ডায়রিয়ায় আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আমরা সবাইকে চিকিৎসা দেওয়ার চেষ্টা করছি। সরেজমিনে দেখা গেছে, হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে বয়স্কদের সংখ্যা বেশি। হাসপাতালের মেডিসিন ওয়ার্ডের কর্তব্যরত চিকিৎসক ডা. আশিকুর রহমান বলেন, ডায়রিয়া একটি পানিবাহিত রোগ। তাই সবাইকে পরিস্কার পানি পান ও খাবার খেতে হবে। হাসপাতালে চিকিৎসাধীন আক্রান্তদের মধ্যে অনেকেই খাওয়ার পরে প্রথমে পেটে ব্যথা অনুভব করেন। পাশাপাশি বমি ও পরে ডায়রিয়া শুরু হওয়ার পর হাসপাতালে ভর্তি হয়েছেন। বরিশাল জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার ডা. মলয় কৃষ্ণ বড়াল বলেন, গত কয়েকদিন থেকে গড়ে প্রতিদিন ৩০ থেকে ৪০ জন ডায়রিয়ায় আক্রান্ত রোগী হাসপাতালে ভর্তি হচ্ছেন। এছাড়া হাসপাতালের বহির্বিভাগে চিকিৎসা নিচ্ছেন অনেক রোগী। তিনি আরও বলেন, আমাদের পর্যাপ্ত ওষুধ ও স্যালাইন মজুদ রয়েছে। তবে বেড না থাকায় সমস্যা হচ্ছে। সামনে তাপমাত্রা বৃদ্ধি পেলে হাসপাতালে রোগীর চাপ আরও বাড়তে পারে বলেও তিনি উল্লেখ করেন। বরিশালের আবহাওয়া অফিস সূত্রে জানা গেছে, চলতি মৌসুমে বরিশালে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। সামনে তাপমাত্রা আরও বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে।

## দিঘির মাঝে ভাসমান রেস্তোরাঁ সৌন্দর্যে মুগ্ধ দর্শনার্থীরা

**বরিশাল প্রতিবেদক :** ঐতিহ্যবাহী ও বহুল আলোচিত বরিশাল নগরীর প্রাণকেন্দ্র সংলগ্ন ঢাকা-বরিশাল মহাসড়কের পাশ্ববর্তী গড়িয়ারপাড় এলাকার গড়িয়ার দিঘিটি দীর্ঘদিন থেকে কচুরিপানা, ময়লা ও অবহেলায় হারিয়ে ফেলেছিল তার আপন সৌন্দর্য। তবে সেই পুরনো দৃশ্য এখন একেবারেই বদলে গেছে। নতুন রূপে, নতুন সাজে ফিরে এসেছে গড়িয়ার দিঘি। এখন এটি শুধু একটি দিঘি নয়; বরং হয়ে উঠেছে বরিশালের নতুন বিনোদন স্পট যার নাম 'ক্যাফে গড়িয়া'।

পরিস্কার-পরিচ্ছনতার পর গড়িয়ার দিঘির মাঝখানে গড়ে তোলা হয়েছে দৃষ্টিনন্দন ও আধুনিক ভাসমান রেস্তোরা। দিঘির ওপর কাঠের তৈরি ভেলা ও বাঁশের টঙের ওপর বসার সু-ব্যবস্থা, চারপাশে জলরাশি, মাঝে মাঝে মাছের লাফালাফি, আর উপরে খোলা আকাশ। সবমিলিয়ে এ এক অসাধারণ অনুভূতি। যেখানে বসে খাবারের স্বাদ নিতে পারছেন দর্শনার্থীরা। শুধু তাই নয়, রেস্তোরাঁটির চারপাশের প্রাকৃতিক পরিবেশ এতোটাই মনোমুগ্ধকর যে, দিনভর সেলফি তোলা আর ভিডিও করতে ব্যস্ত সময় কাটাচ্ছেন আগত দর্শনার্থীরা। শহরের ব্যস্ততা ও ক্লান্তি ভুলে কিছুটা সময় কাটানোর এক অপূর্ব জায়গা হয়ে উঠেছে গড়িয়ার দিঘি। দিনের আলোতে দিঘির প্রাকৃতিক সৌন্দর্য চোখে পড়লেও রাত নামতেই যেন বদলে যায় তার চেহারা। পানির ওপর প্রতিফলিত লাল, নীল, সবুজ আলোর ঝলকানিতে পুরো দিঘির রূপ পরিবর্তন হয়ে যায়। দূর থেকে দেখে মনে হয় এযেন জলে ভাসা কোনো এক স্বপ্নপুরী। যেকারণেই রোমান্টিক পরিবেশে পরিবার, বন্ধু কিংবা প্রিয়জনদের সাথে সময় কাটাতে প্রতিনিয়ত এখানে ছুটে আসছেন দর্শনার্থীরা। ক্যাফে গড়িয়ার স্বত্বাধিকারী কামরুজ্জামান পনির বলেন, রেস্তোরাঁটিতে আপাতত কিছু নির্দিষ্ট খাবারের আয়োজন রয়েছে।

## বাসা থেকে পরিক্ষার্থীর প্রবেশপত্র এনে দিলেন পুলিশ

**রংপুর প্রনিধি :** সারাদেশে একযোগে উৎসবমুখর পরিবেশে শুরু হয়েছে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা। পরিক্ষার শুরুর পূর্বে পুলিশ লাইন স্কুল এন্ড কলেজ রংপুর কেন্দ্রের একজন পরীক্ষার্থী শ্রী তীর্থ রায় ভুলে প্রবেশপত্র বাসায় রেখে আসেন। পরিক্ষার্থী তীর্থ রায়ের বাড়ি নগরীর মুলাটোল এবং সে কালেক্টরেট স্কুল এন্ড কলেজ রংপুরের শিক্ষার্থী। পরে সে উপায়ান্তর না পেয়ে পুলিশের সহযোগিতা কামনা করেন ওই পরিক্ষার্থী। তাৎক্ষণিক বিষয়টি রংপুর জেলা ট্রাফিকের টিআই নূর আলম সিদ্দিক টিআই তৎপরতায় রংপুর জেলা ট্রাফিকে কর্মরত এটিএসআই মোস্তাফিজুর রহমান মোটরসাইকেল যোগে তার বাসা থেকে প্রবেশপত্র আনতে সহযোগিতা করেন। এদিকে পরীক্ষার্থীর প্রবেশপত্রসহ যথাসময়ে কেন্দ্রে পৌছে দেওয়ায় কেন্দ্রে উপস্থিত অভিভাবকগন এটিএসআই মোস্তাফিজসহ জেলা পুলিশ রংপুরের প্রশংসা করেন এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। পরীক্ষার্থী শ্রী তীর্থ রায় বলেন, সত্যি বলতে কি তড়িঘড়ি করতে গিয়ে প্রবেশপত্র ছেড়ে আসি বাসায়। কেন্দ্রে প্রবেশ করে দেখি আমার কাছে প্রবেশপত্র নাই। হাতে সময়ও কম। তাৎক্ষনিকভাবে পুলিশকে বিষয়টি জানাই। আমার শোনার পরপরই আমাকে তিনি প্রবেশপত্র এনে দিয়ে সহযোগিতা করেছেন। আমি কৃতজ্ঞ পুলিশের প্রতি। রংপুর জেলা ট্রাফিকে কর্মরত এটিএসআই মোস্তাফিজুর রহমান বলেন, পরিক্ষার শুরুর পূর্বে এক পরিক্ষার্থী তার প্রবেশ পত্র বাসায় ছেড়ে এসেছেন বিষয়টি জানায়। সঙ্গে সঙ্গে আমাদের টিআই (এডমিন) গুরুত্বসহকারে বিষয়টি দেখার।

## কুষ্টিয়ায় চুরির অভিযোগে যুবককে হত্যার অভিযোগ

**কুষ্টিয়া প্রতিনিধি :** কুষ্টিয়ায় চুরির অভিযোগে সুরমান আলী (৩৫) নামে এক যুবককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। থানাপাড়ার জিকে বালির ঘাট এলাকায় অর্ধঝুলন্ত অবস্থায় সুরমানের লাশ উদ্ধার করে পুলিশ। নিহত সুরমান জিকে বালির ঘাট এলাকার আব্দুল কালামের ছেলে। সে পেশায় একজন রিকশাচালক ছিলেন। পরিবারের দাবি চুরির মিথ্যা অভিযোগে একই এলাকার হালিম বিক্রেতা হাকিমসহ বেশ কয়েকজন সুরমানকে নির্যাতন করে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রেখেছে। নিহত সুরমান আলির ছোট ভাই সেলিম জানান, আমাদের বাড়ির সামনের হালিম বিক্রেতা হাকিম গত বুধবার সকালে তার বাড়ি থেকে গহনা ও নগদ টাকা চুরির অভিযোগ এনে আমার ছোট ভাই আশরাফুলকে প্রথমে আটকে রেখে বেধড়ক মারপিট করে। এরপর দুপুরে আমার বড় ভাই রিকশাচালক সুরমানকে ধরে নিয়ে যায় এবং আমাদের বাড়ি থেকে সবাইকে বের করে দিয়ে তালা ঝুলিয়ে দেয় হাকিমসহ তার লোকজন। এরপর থেকে আমরা ভাইকে কোথাও খুঁজে পাইনি। গতকাল বৃহস্পতিবার সকালে জিকে বালির ঘাট এলাকায় আমেনা খাতুনের বাড়ির বাথরুমের চালের এঙ্গেলের সাথে ঝুলন্ত অবস্থায় আমার ভাইয়ের মরদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দিলে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে। সেলিম আরো বলেন, গত বুধবার হাকিম আমার ভাই সুরমানকে ধরে নিয়ে গিয়ে আটকে রেখে ইলেক্ট্রিক শকসহ লাঠি এবং ধারালো অস্ত্রদিয়ে আঘাত ও নির্যাতন করে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রেখেছে। আমরা ভাই হত্যার বিচার চাই। গত বুধবার থেকে পরিবার নিয়ে খোলা আকাশের নিচে রয়েছে বলেও জানান তিনি। কুষ্টিয়া মডেল থানার এস আই মো. খাইরুজ্জামান বলেন, নিহত সুরমানের শরীরের বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে। ময়না তদন্তের পরেই প্রকৃত ঘটনা জানা যাবে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

## লালমনিরহাটে হত্যা মামলার আসামী আ.লীগ নেতা গ্রেফতার

**লালমনিরহাট প্রতিনিধি :** লালমনিরহাটে আওয়ামী লীগ নেতা ও সাবেক কাউন্সিলর রাশেদুল হাসান রাশেদ ওরফে মুন্সী রাশেদুল হাসান রাশেদকে গ্রেপ্তার করেছে সদর থানা পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে লালমনিরহাট সদর হাসপাতাল এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ। রাশেদকে ঢাকার লালবাগ থানায় গণহত্যা, মিরপুর থানায় হত্যাচেষ্টার দুইটি মামলায় ও লালমনিরহাটের তিনটি মামলায় গ্রেপ্তার দেখানো হয়েছে। রাশেদুল হাসান রাশেদ খোর্দ্দসাপটানা এলাকার হাসান আলীর ছেলে এবং লালমনিরহাট পৌরসভার ২ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক কাউন্সিলর। লালমনিরহাট সদর থানা ওসি নুরুন্নবী বলেন, লালমনিরহাট জেলা বিএনপি অফিস ভাঙচুর, সদর উপজেলার মহেন্দ্রনগর ইউনিয়ন বিএনপি পার্টি অফিস ভাঙচুর ও মহেন্দ্রনগর দোকানপাট ভাঙচুর মামলায় তাঁকে গ্রেপ্তার দেখায় পুলিশ। এছাড়াও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে জুলাই গণহত্যার ঘটনায় ঢাকা লালবাগ থানায় হত্যা মামলা এবং মিরপুর থানায় হত্যা চেষ্টায় দায়ের করা মামলার এজাহার নামীয় আসামি আওয়ামী লীগ নেতা রাশেদ।

## রাণীনগরে মাদক মামলার পলাতক আসামী গ্রেফতার

**রাণীনগর, নওগাঁ প্রতিনিধি :** নওগাঁর রাণীনগর থানাপুলিশ অভিযান চালিয়ে মাদক মামলার পলাতক আসামী সাজেদুল ইসলাম (৩০) কে গ্রেফতার করেছে। উপজেলার খট্রেশ্বর পশ্চিম পাড়া থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার সাজেদুল ওই গ্রামের লতিফ উদ্দীনের ছেলে। রাণীনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হাফিজ মো: রায়হান জানান, আদালতের পরোয়ানা অনুযায়ী গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়।

# সিলেট বোর্ডে এসএসসি পরীক্ষার্থী এক লাখের বেশি, ছাত্রী সংখ্যা এগিয়ে

**সিলেট প্রতিনিধি :** সারাদেশের মতো সিলেট শিক্ষা বোর্ডেও গতকাল বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা। এ বছর সিলেট বোর্ডের অধীনে মোট ৯৪৫টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১ লাখ ৩ হাজার ১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ৪২ হাজার ১০৮ জন এবং ছাত্রী ৬০ হাজার ৮৯৩ জন। বোর্ডের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক শরীফ আহমেদ জানিয়েছেন, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মোট ১৫৪টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। জেলাভিত্তিক কেন্দ্র ও পরীক্ষার্থী সংখ্যার হিসাব অনুযায়ী– সিলেট জেলায় ৩৬১টি প্রতিষ্ঠানের ৪১ হাজার ৪৮ জন পরীক্ষার্থী ৬০টি কেন্দ্রে, সুনামগঞ্জে ২২৬টি প্রতিষ্ঠানের ২১ হাজার ৪১৩ জন পরীক্ষার্থী ৩৫টি কেন্দ্রে, মৌলভীবাজারে ১৯০টি প্রতিষ্ঠানের ২২ হাজার ২৫৭ জন পরীক্ষার্থী ২৬টি কেন্দ্রে, হবিগঞ্জে ১৬৮টি প্রতিষ্ঠানের ১৮ হাজার ২৮৩ জন পরীক্ষার্থী ৩৩টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নিচ্ছে। পরীক্ষার্থী কমেছে ৬ হাজারের বেশি। গত বছরের তুলনায় এবার সিলেট বোর্ডে পরীক্ষার্থী কমেছে ৬ হাজার ৪১১ জন। ২০২৪ সালে এ বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৯ হাজার ৪১২ জন, যার মধ্যে ছাত্র ছিল ৪৫ হাজার ৬৬ জন এবং ছাত্রী ৬৪ হাজার ৩৪৬ জন। বিভাগভিত্তিক অংশগ্রহণ বিজ্ঞান বিভাগে ২৩ হাজার ৮৮২ জন পরীক্ষার্থী। ছাত্র ৯ হাজার ৬৮০, ছাত্রী: ১৪ হাজার ২০২, মানবিক বিভাগে ৭১ হাজার ৬৩০ জন। এরমধ্যে ছাত্র ২৮ হাজার ৭০৭ ছাত্রী ৪২ হাজার ৯২৩ ব্যবসায় শিক্ষা বিভাগে ৭ হাজার ৪৮৯ জন। এতে ছাত্র ৩ হাজার ৭২১ ছাত্রী ৩ হাজার ৭৬৮। নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীর পরিসংখ্যান: চলতি বছর নিয়মিত পরীক্ষার্থী রেজিস্ট্রেশন করেছে ৯৭ হাজার ৯৬১ জন। এর মধ্যে পরীক্ষায় বসছে ৭৬ হাজার ৭৪৯ জন। অনিয়মিত পরীক্ষার্থী ২৬ হাজার ২২০ জন, যাঁদের মধ্যে বিভিন্ন বিষয়ে অকৃতকার্য এবং মানোন্নয়ন পরীক্ষার্থীরা রয়েছেন।



বর্গা নিয়ে প্রায় এক বিঘা জমিতে ইরি ধান লাগিয়েছিলেন তপন বিশ্বাস। কৃষিশ্রমিকের খরচ বাঁচাতে একাই জমির পাকা ধান কাটছেন তিনি। রাজবাঁধ, বটিয়াঘাটা, খুলনা।

## রাণীনগরে বীজ-সার বিতরনের উদ্বোধন

**রাণীনগর, নওগাঁ প্রতিনিধি :** নওগাঁর রাণীনগরে বিনামূল্যে বীজ-রাসায়নিক সার বিতরনের উদ্বোধন করা হয়েছে। প্রনোদনা কর্মসূচীর আওতায় উফশী আউশ, পাট ও গ্রীস্মকালীন তিল আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষে ক্ষুদ্র ও প্রান্তিক এক হাজার ৫৬০জন কৃষকদের মাঝে উপজেলা চত্বরে এই বীজ ও রাসায়নিক সার বিতরনের উদ্বোধন করা হয়। রাণীনগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে অনুষ্ঠিত বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রাকিবুল হাসান। এসময় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শেখ নওশাদ হাসান, কৃষি কর্মকর্তা মোস্তাকিমা খাতুন, উপজেলা এলজিইডি প্রকৌশলী ইসমাইল হোসেন ও সমাজ সেবা কর্মকর্তা মাহাবুবু আলম কচিসহ কৃষি অধিদপ্তর ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## বাঘায় তিন ভাইকে চাকু দিয়ে কুপিয়ে জখম

**বাঘা, রাজশাহী প্রতিনিধি :** রাজশাহীর বাঘায় স্ত্রীর পরকীয়া সন্দেহে কথা কাটাকাটির জেরধরে তিন ভাইকে চাকু দিয়ে কুপিয়ে জখম করা হয়েছে। উপজেলার বাউসা ইউনিয়নের বাউসা মাঝপাড়া বাজারে এ ঘটনা ঘটে। আহতরা হলেন বাউসা হেদাতিপাড়া গ্রামের আফতার আলীর ছেলে জেকের আলী (৫০), আরশাদ আলী (৪০), একের আলী (৪৫)। স্থানীয় সূত্রে জানা গেছে, আরশাদ আলী সন্দেহ তাঁর স্ত্রী পরকীয়ায় লিপ্ত। এমন সন্দেহ থেকে প্রায়ই প্রতিবেশি আসমত আলী ছেলে মারফত আলীর ঝগড়ার হয়। গত বুধবার রাত রাত সাড়ে ৮টার দিকে মাঝপাড়া বাজারে মারফত আলীর সাথে আরশাদ আলীর কথা কাটাকাটি হয়। এর এক পর্যায়ে মারফত আলী কাছে থাকা চাকু দিয়ে কুপিয়ে আরশাদ আলীকে জখম করে। পরে তার ভাই জেকের আলী ও একের আলী এগিয়ে আসে তাদেরকেও কুপিয়ে জখম করে করা হয়। পরে তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে জেকের আলী ও আরশাদ আলীর অবস্থা বেগতিক দেখে কর্তব্যরত চিকিৎসক হাসিবুল হাসান রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। এ বিষয়ে বাঘা থানার থানার ওসি আ.ফ.ম আসাদুজ্জামান বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়েছিলাম। এ ঘটনায় কেউ কোন অভিযোগ করেনি, অভিযোগ পেলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে।

## সুখ নেই হাসিনার দেওয়া বাড়িতে ৮৩ পরিবারের মানবেতর জীবণ

**চিতলমারী, বাগেরহাট প্রতিনিধি :** পলাতক স্বৈরাচারি শেখ হাসিনার আশ্রায়ন প্রকল্প-২ "জমি আছে ঘর নেই"এই প্রকল্পে বাগেরহাটের চিতলমারী উপজেলার ৬০০টি ঘরের ১ কোটি টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে সাবেক উপজেলা নির্বাহী অফিসার ও তার গংদের বিরুদ্ধে। ইতিপূর্বে (১২ফেব্রুয়ারি) দুর্নীতি দমন কমিশন তথ্য উপাত্ত ও কাগজপত্র চেয়ে চিঠি পাঠিয়েছেন চিতলমারী উপজেলা প্রশাসন বরাবর। চিতলমারী উপজেলার সাবেক ইউএনও মোঃ আবু সাঈদ তৎ সংঙ্গীয়রা কোটি টাকার দুর্ণীতির সাথে জড়িত বলে উক্ত চিঠিতে উল্লেখ করা হয়েছে। দুদক এর সহকারী পরিচালক মোঃ সাইদুর রহমান (পরিচিতি নং-পি-এসিসি ০৯৯৫২২০২৪৩) স্বাক্ষরিত চিঠিতে (স্মারক নং এর শেষ ডিজিট-১২৫, এর (ক) এ) জানানো হয়েছে ২০১৭-১৮ অর্থবছরে আশ্রায়ণ প্রকল্প ২ এর আওতায় "যার ঘর আছে জমি নেই"তার নিজ ভূমিতে গৃহ নির্মান প্রকল্পভূক্ত বাগেরহাট জেলার চিতলমারী উপজেলায় নির্মিত ৬০০টি ঘর সংক্রান্ত সকল প্রকার কাগজ ও রেকর্ডপত্র জমা দিতে বলা হয়েছে উপজেলা প্রশাসনকে। উল্লেখ্য, "সুখ নেই হাসিনার দেওয়া বাড়িতে, ৮৩টি পরিবারের মানবেতর জীবণ"।

গত ৭ জানুয়ারি (২০২৫) আমার দেশ পত্রিকার দশম পাতায় চিতলমারী উপজেলা প্রতিনিধির পাঠানো সংবাদটি লিড আকারে ছাপা ও মাল্টি মিডিয়ায় প্রকাশ করা হলে প্রশাসন লড়ে চড়ে বসে। সংবাদে উল্লেখ করা হয়, ২০২৪ সালের জুন মাসে মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে আশ্রায়ন প্রকল্পের বসতঘর অসম্পন্ন রেখে সুবিধাভোগিদের হাতে আনুষ্ঠনিকভাবে দলিল ও চাবি হস্তান্তর করেন উপজেলা প্রশাসন। ২০১৭-১৮ অর্থবছর শেষ হয়ে ২০২৫ সালেও ভূক্তভোগিরা তাদের পরিপূর্ণ ঘরগুলো বুঝে পাননি কাজে রয়েছে সীমাহীন দুর্ণীতি। এ দুর্ণীতির মূল হোতা ছিলেন চিতলমারী উপজেলার সাবেক ইউএনও মোঃ আবু সাঈদ ও পরবর্তী পর্যায় যোগদানকৃত কয়েকজন ইউএনও এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির লোকজন তবে বর্তমান কর্মরত ইউএনও তাপস পাল এ ব্যপারে জড়িত নন।

## গজারিয়ায় নারী মাদক বিক্রেতা আটক

**গজারিয়া, মুন্সীগঞ্জ প্রতিনিধি :** মুন্সিগঞ্জের গজারিয়ার ভবেরচর পৈক্ষারপাড় কন্দু সরকার বাড়ি এলাকায় ক্রেতা সেঁজে মাদক বিক্রেতা চক্রের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে মাদক ব্যবসায়ী রাসেল সরকারের স্ত্রী মাজেদা বেগমকে (৩৫) আটক করেছে গজারিয়া থানার পুলিশ। এ সময় তার হেফাজত থেকে ৫৫ পিছ ইয়াবা জব্দ করা হয়েছে। আনুমানিক পৌনে দশটায় দিকে এ ঘটনা ঘটে। এ বিষয়ে গজারিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো: আনোয়ার আলম আজাদ জানান, "রাসেল সরকার ও তার স্ত্রী দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছিল। আমাদের অফিসার ফোর্স ক্রেতা সেঁজে তাকে (মাদক ব্যবসায়ী মাজেদাকে) ৫৫ পিছ ইয়াবা সহ আটক করতে সক্ষম হয়েছে। এই দম্পতির বিরুদ্ধে গজারিয়া থানাসহ দেশের বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে। আসামির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। তিনি আরো বলেন মাদক প্রতিরোধ করাসহ ব্যবসায়ীদের গ্রেপ্তার অভিযান অব্যাহত থাকবে। প্রসঙ্গত গেল গত সোমবার দুপুরে গজারিয়া উপজেলার শীর্ষ মাদক ব্যবসায়ী একেএম জিয়াউল হক ওরফে মুরাদ ও তার স্ত্রী সোনিয়াকে দুইশত ইয়াবা ট্যাবলেটসহ উপজেলার বালুয়াকান্দী গ্রামের কাজী পাড়া এলাকায় অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ী দম্পতিকে গ্রেপ্তার করেছিল গজারিয়া থানার পুলিশ। পরে উপজেলা বাসীসহ তাঁর ডিপার্টমেন্টের বাহবা কুড়িয়েছেন।

## রামুতে খালের পানিতে মাছ ধরতে গিয়ে দুই শিশুর মৃত্যু

**রামু, কক্সবাজার প্রতিনিধি :** কক্সবাজারের রামুতে খালের পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। উপজেলার জোয়ারিয়ানালা ইউনিয়নের ৬ নং ওয়ার্ড ইলিশিয়া পাড়া এলাকার সোনাইছড়ি নামক খালে এ ঘটনা ঘটে। নিহত শিশুরা হলো, ইলিশিয়াপাড়া এলাকার কামাল হোসেনের ছেলে আব্দুল্লাহ হাবিব (৭) ও রমজান আলীর ছেলে ইয়াছিন (৬)।



সকালের রোদে বাগানবিলাসের সৌন্দর্য। ভাগলপুর, কিশোরগঞ্জ।



# পিছিয়ে পড়েও জয়ের দেখা পেলো মিয়ামি

**স্পোর্টর্স ডেস্ক :** ২০২২ সালের কাতার বিশ্বকাপের ফাইনালের স্মৃতি মনে পড়লে এখনো আর্জেন্টিনা সমর্থকদের হৃদস্পন্দন বেড়ে যায়। এতটাই উত্তেজনাপূর্ণ ও শ্বাসরুদ্ধকর ছিল ফ্রান্স ও আর্জেন্টিনার মধ্যকার সেই ফাইনাল। সেই ম্যাচে ফ্রান্সের বিপক্ষে দুটি গোল করে আর্জেন্টিনাকে শেষমেশ শিরোপা উপহার দিয়েছিলেন লিওনেল মেসি। এবার ইন্টার মিয়ামির জার্সিতে প্রায় আড়াই বছর আগের সেই স্মৃতি ফেরালেন লিওনেল মেসি। ফ্রান্সের বিপক্ষে ম্যাচের মতোই গতকাল বৃহস্পতিবার লস অ্যাঞ্জেলস এফসির বিপক্ষেও সমান দুটি গোল করেছেন মেসি। দলও জিতিয়েছেন। বিশ্বকাপের ফাইনালেও ফ্রান্সের গোলরক্ষক ছিলেন হুগো লরিস, এই ম্যাচেও লস অ্যাঞ্জেলসের গোলরক্ষক হয়ে খেলেছেন তিনিই। লরিস যেমন বিশ্বকাপে মেসিকে থামাতে পারেননি, তেমনি এবারও পারেননি। ম্যাচের শেষ বাঁশি বাজার সাথে সাথেই মিয়ামির কোচ হ্যাভিয়ের মাচেরানো উল্লাসে মুষ্টি আকাশে ছুঁড়ে দেন। একটি জায়গায় পার্থক্য আছে। আগেরটি বিশ্বকাপের ফাইনাল হলেও এই ম্যাচটি ছিল কনকাকাফ চ্যাম্পিয়ন্স কাপের কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগ। তবে এই ম্যাচে জিততেই হতো মিয়ামিকে। কেননা প্রথম লেগে ১-০ গোলে হেরেছিল মেসিরা। এমনকি দ্বিতীয় লেগের শুরুতেই গোল করে ব্যবধান ২-০ করে ফেলেছিল লস অ্যাঞ্জেলস। তবে সব অনিশ্চিয়তা দূর করে নাটকীয়ভাবে তিন গোলের প্রত্যাবর্তনের মাধ্যমে কনকাকাফ চ্যাম্পিয়ন্স কাপ সেমিফাইনালে পৌঁছে গেছে মিয়ামি। দ্বিতীয় লেগে জিতেছে ৩-১ ব্যবধানে। আর দুই লেগ মিলিয়ে মেসিরা জয় পেয়েছেন ৩-২ ব্যবধানে। গতকাল বৃহস্পতিবার মিয়ামির ঘরের মাঠ চেজ স্টেডিয়ামে ৯ মিনিটে অ্যারন লংয়ের গোলে ১-০ ব্যবধানে এগিয়ে যায় লস অ্যাঞ্জেলস। এতে দুই লেগ মিলিয়ে ব্যবধান ২-০ করে তারা। এর মানে দাঁড়ায়, মিয়ামিকে অন্তত তিনটি গোল করতে হবে। যা তখন অসম্ভবই মনে হচ্ছিল। ৩৫ মিনিটে মেসি গোলের শুভসূচনা করেন। ১৮ গজ বক্সের সামনে থেকে বাম পায়ে দুর্দান্ত শটে গোল করে ম্যাচ ১-১ সমতায় আনেন এবং মিয়ামিকে নতুন করে আশা দেন। এটি ছিল মিয়ামির হয়ে মেসির ৪৮ ম্যাচে ৪১তম গোল। ৬১ মিনিটে নোয়া অ্যালেন মিয়ামিকে ২-১ ব্যবধানে এগিয়ে দেন এক অপ্রত্যাশিত গোলে। বক্সে একটি বল চিপ করে ফেডেরিকো রেডোনদোর দিকে বাড়ান তিনি।

# টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালের আগে ইনজুরির ধাক্কা প্রোটিয়া শিবিরে

**স্পোর্টর্স ডেস্ক :** আগামী ১১ জুন ইংল্যান্ডের ঐতিহাসিক লর্ডসে শুরু হবে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল। দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে অস্ট্রেলিয়া। মর্যাদাবান এ লড়াইয়ের আগে দুঃসংবাদ পেল দক্ষিণ আফ্রিকা। আবারও কনুইয়ের চোটে পড়েছেন অধিনায়ক টেম্বা বাভুমা। চোটের কারণে গতকাল বৃহস্পতিবার জোহানেসবার্গে শুরু হওয়া ঘরোয়া ফার্স্ট-ক্লাস ফাইনালে খেলতে পারছেন না বাভুমা। ক্রিকেট-বিষয়ক ওয়েবসাইট ক্রিকইনফো জানতে পেরেছে, বাভুমা কেপটাউন থেকে গত মঙ্গলবার লায়ন্স দলে যোগ দেওয়ার কথা ছিল। কিন্তু তিনি জোহানেসবার্গে পৌঁছাননি। লায়ন্স দল গত বুধবার রাতেই জানতে পারে যে, কনুইয়ের ব্যথার কারণে বাভুমা ম্যাচে অংশ নিতে পারবেন না। বাভুমার কোন কনুইয়ে চোট এবং সেটি কতটা গুরুতর, তা জানাতে পারেনি লায়ন্স দল। শেষ মুহূর্তে ফাইনাল থেকে বাভুমা সরে দাঁড়ানোয় হতবাক হয়ে গেছে দলটি। গত বুধবার সকালেও লায়ন্স অধিনায়ক ডোমিনিক হেনড্রিকস সংবাদমাধ্যমকে বলেছিলেন, তিনি বাভুমার সঙ্গে খেলার জন্য মুখিয়ে আছেন। ২০২২ সালে বাভুমার বাম কনুই ভেঙেছিল। ফলে ওই বছর ইংল্যান্ড সফর মিস করেন তিনি। তিন মাস মাঠের বাইরে থাকার পর আবু ধাবিতে আয়ারল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজে ফিরেই আবারও চোটে পড়েন ডানহাতি এ ব্যাটার। রান নেওয়ার সময় অস্বাভাবিকভাবে পড়ে গিয়ে একই কনুইয়ে চোট পান এবং বাংলাদেশের বিপক্ষে টেস্ট সিরিজে খেলতে পারেননি। চলতি মৌসুমে কোনো টেস্ট না খেলেই মাঠে নামতে হয় বাভুমাকে। ইনজুরি ও খারাপ ফর্মের কারণে মানসিকভাবে চাপের কথাও স্বীকার করেছেন। এছাড়া দুইবার হ্যামস্ট্রিং ইনজুরিতেও পড়েছিলেন। দারুণভাবে কামব্যাক করে চারটি টেস্টে দুটি শতক ও শ্রীলঙ্কার বিপক্ষে চারটি ফিফটির ইনিংস খেলেন বাভুমা। এছাড়া দক্ষিণ আফ্রিকাকে নেতৃত্ব দিয়ে চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনালে তোলেন। যদিও পুরো মৌসুমে কনুইয়ে ভারী ব্যান্ডেজ পরে ব্যাটিং করতে হয়েছে তাকে। চ্যাম্পিয়ন্স ট্রফির পর কোনো প্রতিযোগিতামূলক ক্রিকেট খেলেননি বাভুমা। তবে লায়ন্স দলের সঙ্গে ব্লুমফন্টেইনে শেষ ফার্স্ট-ক্লাস লিগ ম্যাচে ছিলেন। ওই ম্যাচ পুরোপুরি বৃষ্টিতে ভেসে যায়। টেস্ট চ্যাম্পিয়নশিপের আগে মে মাসের মাঝামাঝিতে প্রস্তুতি ম্যাচ খেলতে চায় দক্ষিণ আফ্রিকা। ইংল্যান্ডের বিপক্ষে একটি ম্যাচও খেলার কথা রয়েছে প্রোটিয়াদের। ফাইনালের আগে দক্ষিণ আফ্রিকা কোনো আনুষ্ঠানিক ম্যাচ খেলবে না।

## ফিক্সিং অভিযোগে তদন্ত শুরু করলো বিসিবি

**স্পোর্টর্স ডেস্ক :** গুলশান ক্রিকেট ক্লাব এবং শাইনপুকুর ক্রিকেট ক্লাবের মধ্যকার ঢাকা প্রিমিয়ার লিগের ম্যাচটি শেষ হওয়ার পরই সন্দেহ দানা বাধতে শুরু করে। শাইনপুকুরের শেষ ব্যাটার মিনহাজুল আবেদীন সাব্বির যেভাবে আউট হয়েছেন, তাকে চোখ বন্ধ করে যে কেউ বলে দিচ্ছেন, এটা নিশ্চিত ফিক্সিং। তার আউট হওয়ার ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়তেই ছি ছি করছেন ক্রিকেটপ্রেমীরা। প্রিমিয়ার লিগের মান নিয়ে প্রশ্ন তুলে দিয়েছেন তারা। দীর্ঘদিন ধরে ঘরোয়া ক্রিকেটে ম্যাচ পাতানো হয়- এই অভিযোগটারই যেন সত্যতা মিললো আউট হওয়ার এ ঘটনায়। অথচ, বিসিবির বর্তমান কমিটি ক্রিকেটে যে কোনো ধরনের অন্যায়-দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতির ঘোষণা দিয়েছিল। শাইনপুকুর এবং গুলশান ক্রিকেট ক্লাবের মধ্যে ঘটে যাওয়া এই ঘটনায় যখন তোলপাড় দেশের ক্রিকেটাঙ্গনে, তখন নড়েচড়ে বসেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ডও। বিষয়টা তাদেরও নজরে এসেছে। এ কারণে বিসিবির অ্যান্টি করাপশন ইউনিট এবং লিগ টেকনিক্যাল কমিটি শাইনপুকুর ও গুলশান ক্রিকেট ক্লাবের মধ্যে ঘটে যাওয়া এ ঘটনা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে বিসিবির পক্ষ থেকে। বিসিবি থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) গত ৯ এপ্রিল-২০২৫ তারিখে মিরপুর শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত বসুন্ধরা ঢাকা প্রিমিয়ার ক্রিকেট লিগে অনুষ্ঠিত গুলশান ক্রিকেট ক্লাব ও শাইনপুকুর ক্রিকেট ক্লাবের মধ্যে অনুষ্ঠিত ম্যাচটি ঘিরে যে অভিযোগ উঠেছে, সেটি আমলে নিয়েছে। বিসিবি সবসময়ই বলে আসছে, তারা খেলার প্রতিশ্রুতি বজায় রাখা এবং ক্রিকেটে সর্বোচ্চ নৈতিক মান বজায় রাখার ব্যাপারে দৃঢ় প্রতিজ্ঞ। খেলার চেতনাকে লঙ্ঘন করতে পারে এমন যে কোনো ধরণের দুর্নীতি বা অসদাচরণের প্রতি বোর্ড জিরো-টলরারেন্স নীতি প্রদর্শণ করবে। বিসিবির দুর্নীতি দমন ইউনিট এবং লিগের টেকনিক্যাল কমিটি এরই মধ্যে এই ম্যাচের সাথে সম্পর্কিত অভিযোগের তদন্ত শুরু করেছে। বিসিবি তার এখতিয়ারের অধীনে সকল ক্রিকেটীয় কার্যক্রমে ন্যায্যতা এবং শৃঙ্খলা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

# হামজার হোম অভিষেকের জন্য প্রস্তুত করা হচ্ছে ঢাকা স্টেডিয়াম

**স্পোর্টর্স ডেস্ক :** বাংলাদেশের লাল-সবুজ জার্সিতে অভিষেক হয়ে গেছে ইংলিশ লিগ খেলা ফুটবলার হামজা দেওয়ান চৌধুরীর। গত ২৫ মার্চ ভারতের বিপক্ষে শিলংয়ে এশিয়ান কাপ বাছাইয়ের অ্যাওয়ে ম্যাচ খেলেছে বাংলাদেশ। অ্যাওয়ে ম্যাচ দিয়ে লাল-সবুজ জার্সি পরা হামজা এখন হোম অভিষেকের ক্ষণ গুনছেন। আগামী ১০ জুন সিঙ্গাপুরের বিপক্ষে হোম ম্যাচ বাংলাদেশের। এই ম্যাচ দিয়ে ঢাকা স্টেডিয়ামে ফুটবল ফিরবে বলে এরই মধ্যে বাফুফেকে আশ্বস্ত করেছেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। হামজা চৌধুরী ঢাকায় আসার পর ১৯ মার্চ সৌজন্য সাক্ষাৎ করেছিলেন ক্রীড়া উপদেষ্টার সাথে। ওই সময় তার সঙ্গে ছিলেন বাফুফে সভাপতি তাবিথ আউয়াল। ক্রীড়া উপদেষ্টা ওই দিনই বাফুফে সভাপতিকে আশ্বাস দিয়েছিলেন, সিঙ্গাপুরের বিপক্ষে ১০ জুনের ম্যাচ ঢাকা স্টেডিয়ামে আয়োজনের। এরপর ৬ এপ্রিল জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবসেও একই আশ্বাস দিয়েছিলেন ক্রীড়া উপদেষ্টা। আশ্বাসতো পাওয়া যাচ্ছে। বাস্তবে স্টেডিয়াম সংস্কার কাজের অগ্রগতি কতটুকু? এসব দেখতে বাফুফের একটি প্রতিনিধি দল পরিদর্শন করেছে সংস্কারাধীন জাতীয় স্টেডিয়াম। বাফুফের অন্যতম সহসভাপতি ফাহাদ করীমের নেতৃত্বে এই প্রতিনিধি দলে অন্যান্যের মধ্যে ছিলেন সদস্য কামরুল হাসান হিলটন, গোলাম গাউস, ইকবাল হোসেন ও জাকির হোসেন চৌধুরী। মাঠ পরিদর্শন শেষে ফাহাদ করীম বলেছেন, ‘আমি তো টেকনিক্যাল তেমন কিছু বুঝি না। আমাদের এখনো গ্রাউন্ডস কমিটি গঠন হয়নি। দ্রুতই হবে। এছাড়া এই স্টেডিয়ামের তদারকির জন্য আলাদা একটা কমিটি গঠন করা হবে।’ মাঠের কাজ প্রায় শেষ দিকেই বলে জানিয়েছেন বাফুফের এই শীর্ষস্থানীয় কর্মকর্তা, ‘আমাদের ক্রীড়া উপদেষ্টা আশ্বাস দিয়েছেন হামজার হোম অভিষেক এই জাতীয় স্টেডিয়ামেই হবে। প্রথম থেকেই উনি এই বিষয়ে বেশ আন্তরিক।



# প্রথম লেগে ডর্টমুন্ডের সাথে জয় পেলো বার্সা

**স্পোর্টর্স ডেস্ক :** চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনাল প্রথম লেগে বরুশিয়া ডর্টমুন্ডের বিপক্ষে জয় তুলে নিয়ে সেমিফাইনালে এক পা দিয়ে রাখল বার্সেলোনা। গত বুধবার দিবাগত রাতে রবার্ট লেভানডোভস্কির জোড়া গোলে ৪-০ গোলে জয় পেয়েছে বার্সা। গোল পেয়েছেন রাফিনহা ও লামিনে ইয়ামালও। প্রথমার্ধের ২৫ মিনিটেই গোলের দেখা পায় বার্সা। স্কোরশিটে নাম লেখান রাফিনহা। এ সময় ইনিগো মার্টিনেজের ফ্রি কিক থেকে বলটি পাউ কুবার্সির থেকে গোলপোস্টের সামনে আসে এবং রাফিনহা জালে জড়ান। চলতি আসরে এটি ছিল ব্রাজিলিয়ান তারকার ১২তম গোল। এরপর অবশ্য প্রথমার্ধে বেশ কিছু সুযোগ পেলেও ব্যবধান বাড়াতে পারেনি বার্সা। ম্যাচের ৪৮ মিনিটে ব্যবধান দ্বিগুণ করে। এ সময় রাফিনহার হেডে বাড়িয়ে দেওয়া বলে আবার হেড নিয়ে জালে জড়ান লেভানডোভস্কি। এরপর ৬৬ মিনিটে ফারমিন লোপেজের বাড়িয়ে দেওয়া বল থেকে দুর্দান্ত শটে নিজের দ্বিতীয় এবং আসরে নিজের ১১তম গোলটি করেন পোলিশ স্ট্রাইকার লেভানডোভস্কি। ৭৭ মিনিটে ডর্টমুন্ডের পরাজয়ের কফিনে শেষ পেরেকটি ঠুকেন কিশোর সেনসেশন ইয়ামাল। রাফিনহার পাস থেকে বল পেয়ে দুর্দান্ত ফিনিশিংয়ে দারুণ এক গোল করেন তিনি। অবশ্য ম্যাচের ৮৯ মিনিটে ডর্টমুন্ড একবার বল জালে পাঠালেও অফসাইডের কারণে সেটি বাতিল হয়। তাতে ৪-০ গোলে হারের হতাশা নিয়েই মাঠ ছাড়ে জার্মানির ক্লাবটি। আগামী ১৫ এপ্রিল ডর্টমুন্ডের মাঠ সিগনাল ইদুনা পার্কে ফিরতি লেগে মাঠে নামবে বার্সা। তবে প্রথম লেগে বড় ব্যবধানে এগিয়ে থাকায় সেমিফাইনালের যাওয়ার ক্ষেত্রে এখন অনেকটাই স্বস্তিতে বার্সা শিবির।



## আইটি

# উন্নত গেমিং চিপ নিয়ে আসছে এনভিডিয়া

**আইডি ডেস্ক :** এ বছরের সিইএস ২০২৫ সম্মেলনে, বিশ্বের অন্যতম প্রযুক্তি জায়ান্ট এনভিডিয়া তার নতুন উদ্ভাবন ও প্রযুক্তি প্রদর্শন করেছে। এই উদ্ভাবনগুলোতে রয়েছে রোবট ও স্বয়ংচালিত গাড়ির উন্নত প্রশিক্ষণের জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা, উন্নততর গেমিং চিপ এবং তাদের প্রথম ডেস্কটপ কম্পিউটার। এনভিডিয়া এর সিইও জেনসেন হুয়াং এই সম্মেলনে প্রদর্শিত প্রযুক্তিগুলো নিয়ে বিশদভাবে আলোচনা করেছেন। এনভিডিয়া “কসমস” নামে একটি নতুন ফাউন্ডেশন মডেল প্রকাশ করেছে, যা ফটো-রিয়ালিস্টিক ভিডিও তৈরি করতে সক্ষম। এই ভিডিওগুলি রোবট ও স্বয়ংচালিত গাড়ির প্রশিক্ষণে ব্যবহার করা যাবে। বর্তমান পদ্ধতিতে গাড়ি বা রোবট প্রশিক্ষণের জন্য প্রচুর পরিমাণে বাস্তব ভিডিও সংগ্রহ করতে হয়, যা ব্যয়বহুল এবং সময়সাপেক্ষ। কসমস মডেলের সাহায্যে ব্যবহারকারীরা টেক্সট বর্ণনার মাধ্যমে এমন ভিডিও তৈরি করতে পারবেন, যা বাস্তব বিশ্বের পদার্থবিদ্যার নিয়ম মেনে চলে। এই পদ্ধতি প্রচলিত পদ্ধতির তুলনায় অনেক সস্তা এবং কার্যকর। কসমস মডেলের আরও একটি বিশেষ দিক হলো এটি ওপেন লাইসেন্সে উপলব্ধ করা হবে, ঠিক যেমন মেটা প্ল্যাটফর্ম-এর লামা-৩ মডেল। ওপেন লাইসেন্সের মাধ্যমে কসমস বিভিন্ন প্রযুক্তি সংস্থা ও গবেষকদের কাছে সহজলভ্য হয়ে উঠবে। এনভিডিয়া আশা করছে, কসমস রোবোটিক্স এবং শিল্প ক্ষেত্রে এমন প্রভাব ফেলবে, যেমন লামা-৩ এন্টারপ্রাইজ এআই-এ ফেলেছে। গেমিং প্রযুক্তিতে এনভিডিয়া এর নেতৃত্ব দীর্ঘদিনের। এবারের সিইএস-এ তারা আরটিএক্স ৫০ সিরিজের নতুন গেমিং চিপ প্রকাশ করেছে। এই চিপগুলিতে এনভিডিয়া এর “ব্ল্যাকওয়েল” এআই প্রযুক্তি ব্যবহৃত হয়েছে। নতুন চিপগুলো গেমিং জগতকে চলচ্চিত্রের মতো বাস্তব অভিজ্ঞতা দিতে সক্ষম। বিশেষ করে “শেডার্স” নামক প্রযুক্তি ব্যবহার করে, এটি এমন ছবিও তৈরি করতে পারে যেখানে একটি সিরামিকের পাত্রে আঙুলের ছাপ বা ক্ষুদ্র দাগ দেখা যাবে। এই চিপগুলো মানুষের মুখের মতো সূক্ষ্ম বিষয়বস্তুও আরও নিখুঁতভাবে ফুটিয়ে তুলতে পারে, যা গেমারদের অভিজ্ঞতাকে নতুন মাত্রায় উন্নীত করবে। আরটিএক্স ৫০ সিরিজের চিপগুলোর মূল্য ৫৪৯ থেকে ১,৯৯৯ ডলারের মধ্যে নির্ধারণ করা হয়েছে। এই সিরিজের শীর্ষ মডেল ৩০ জানুয়ারি এবং নিম্ন-মূল্যের মডেল ফেব্রুয়ারি মাসে বাজারে আসবে। প্রযুক্তি বিশ্লেষক বেন বজারিন মনে করেন, এই চিপগুলো এনভিডিয়া এর বিক্রিতে স্বল্পমেয়াদে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে। এনভিডিয়া তাদের প্রথম ডেস্কটপ কম্পিউটার “প্রজেক্ট ডিজিটস” উন্মোচন করেছে। এটি সাধারণ ব্যবহারকারীদের জন্য নয়, বরং সফটওয়্যার ডেভেলপারদের জন্য তৈরি। এই ডেস্কটপটি ৩,০০০ ডলার দামের এবং এনভিডিয়া এর লিনাক্স-ভিত্তিক অপারেটিং সিস্টেমে চলবে। এই কম্পিউটারটি এনভিডিয়া এর ডেটা সেন্টারের চিপের সমান শক্তিশালী। তবে, এটি ছোট আকারের প্যাকেজে আসবে এবং এটি সফটওয়্যার ডেভেলপারদের দ্রুত তাদের এআই সিস্টেম পরীক্ষা করতে সাহায্য করবে। প্রজেক্ট ডিজিটস মার্চ মাসে বাজারে আসবে। সিইএস ২০২৫-এ, এনভিডিয়া ঘোষণা করেছে যে জাপানের টয়োটা মোটর তাদের ওরিন চিপ এবং অটোমোটিভ অপারেটিং সিস্টেম ব্যবহার করবে উন্নত ড্রাইভার অ্যাসিস্ট্যান্স সিস্টেম (অউঅঝ) এর জন্য। তবে, কোন মডেলগুলোতে এই প্রযুক্তি ব্যবহার করা হবে তা উল্লেখ করা হয়নি। টয়োটা এর শেয়ারের মূল্য এই ঘোষণার পর ১.৭% বৃদ্ধি পেয়েছে। এনভিডিয়া এর সিইও জেনসেন হুয়াং পূর্বাভাস দিয়েছেন যে, ২০২৬ অর্থবছরে তাদের অটোমোটিভ হার্ডওয়্যার ও সফটওয়্যার থেকে ৫ বিলিয়ন ডলার আয় হবে। এই বছর এই খাত থেকে ৪ বিলিয়ন ডলার আয়ের প্রত্যাশা করা হচ্ছে। সিইএস ২০২৫-এ এনভিডিয়া এর প্রদর্শিত উদ্ভাবনগুলো কৃত্রিম বুদ্ধিমত্তা, গেমিং এবং সফটওয়্যার ডেভেলপমেন্ট খাতে নতুন সুযোগ ও সম্ভাবনার পথ খুলে দিয়েছে। যদিও বিশেষজ্ঞরা রোবটিক্সের ক্ষেত্রে বাজারে এর বিস্তার নিয়ে কিছুটা সংশয় প্রকাশ করেছেন, তবে গেমিং চিপ এবং অন্যান্য পণ্যের ক্ষেত্রে তাৎক্ষণিক সাফল্যের আশা করা হচ্ছে। এনভিডিয়া এর এই উদ্ভাবনগুলো প্রযুক্তি খাতকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যেতে সহায়ক হবে।




## অনাকাঙ্ক্ষিত ফোন কল থেকে যেভাবে মুক্তি পাবেন

**আইটি ডেস্ক :** ফোনে অপরিচিত নম্বর থেকে কল আসাটা অস্বাভাবিক কিছু নয়। সেই সঙ্গে বিরক্তিকর স্প্যাম, রোবোকল বা স্বয়ংক্রিয় প্রমোশনাল কলের সংখ্যাও বাড়ছে। প্রযুক্তিকে হাতিয়ার করেই চলছে বহু প্রতারণা চক্র। না বুঝে অপরিচিত নম্বর থেকে আসা ফোন রিসিভ করেও অনেক মানুষ প্রতিদিন বিপদে পড়েন। অপরিচিত নম্বর থেকে আসা ফোন রিসিভ করলে কেউ লোন নেওয়ার প্রস্তাব দেন। কেউ আবার চাকরি বা অন্য কিছুর অফার দেন। অনেককে লোন সংক্রান্ত ফোন করে রীতিমতো কড়া বার্তা দেওয়া হয়। এই ফোনগুলোর নেপথ্যে অধিকাংশ ক্ষেত্রেই থাকে প্রতারকরা। সব সময় অপরিচিত নম্বর দেখলেই তা এড়িয়ে যাওয়া সম্ভব হয় না। তাহলে কীভাবে মুক্তি পাবেন এদের হাত থেকে? সবার আগে নজর রাখতে হবে, কোন নম্বর থেকে ফোন আসছে। যদি দেখেন কান্ট্রি কোডে +৯১ (ভারত) ছাড়া অন্য কিছু রয়েছে, তাহলে সেই ফোন এড়িয়ে যান। বেশকিছু নম্বর যা দেখলেই বোঝা যায় যে আর পাঁচটির থেকে তা আলাদা, সেগুলোও এড়িয়ে যান। ভুলেও কল ব্যাক করবেন না। তবে আগেই বলা হয়েছে এড়িয়ে যাওয়া সবসময় সম্ভব নয়। সেক্ষেত্রে ট্রু কলার অত্যন্ত উপযোগী। এই অ্যাপে মুহূর্তেই দেখে নিতে পারবেন যে নম্বর থেকে ফোন আসছিল, সেটি কার। সেটি স্প্যাম নম্বর হলে তাও দেখতে পারবেন। এরপর ব্লক বা রিপোর্ট তো আপনারই হাতে।



# মোবাইল ফোনের নেশা কাটাতে যা করবেন

**আইটি ডেস্ক :** মোবাইল ফোন ধরে বসে থাকাটা আজকাল আর অভ্যাস নয়, রীতিমতো ‘খারাপ অভ্যাসে’ পরিণত হয়েছে। কিন্তু উপায়ান্তরই বা কোথায়ড় অচেনা এলাকা চিনতে হোক কিংবা বেড়াতে যাওয়ার টিকিট কাটা, অফিসের প্রজেক্ট সময়ের মধ্যে পাঠানো হোক কিংবা সিনেমা দেখাড় সবই তো করতে হয় মোবাইল ফোনের মাধ্যমে। এমনকি অ্যালার্ম দেওয়ার প্রয়োজন হলেও হাত বাড়িয়ে দিই মোবাইল ফোনের দিকে। তা হলে ফোন থেকে নজর এড়িয়ে চলবেন কী করে? এ বিষয়ে ব্রুকলিনের ‘বেস্টসেলিং’ লেখিকা লিজ মুডির গবেষণায় যা উঠে এসেছে। আমাদের সামাজিকতাকে বিসর্জন দিয়ে ডিজিটাল দুনিয়া থেকে সরে আসার কথা বলা হচ্ছে না। বলা হচ্ছেড় মোবাইল ফোনে আসক্তি বা ডিজিটাল আসক্তি থেকে শরীর ও মেধার ক্ষতি হচ্ছে। বিভিন্ন গবেষণায় চিকিৎসকরাও মোবাইল আসক্তি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। অথচ ডিজিটাল সমাজের রাশ হাতে রেখেও কীভাবে আসক্তির মুশকিল আসান হবে, তা জানা যায়নি। এ বিষয়ে ব্রুকলিনের ‘বেস্টসেলিং’ লেখিকা লিজ মুডি অবশ্য বলেছেন, সমাধান মিলেছে। একটি গবেষণাতেই উঠে এসেছে সেই ‘কার্যকরী’ উপায়। যার সাহায্যে মাত্র ৬ মিনিটেই মোবাইলের আসক্তি থেকে মুক্তি পাওয়া যাবে। স্বাস্থ্য সংক্রান্ত লেখিকা লিজ। আবার তার নিজস্ব পডকাস্টের চ্যানেলও রয়েছে। সেই চ্যানেলেই তিনি বিস্তারিত জানিয়েছেন। লিজ বলেছেন, একটি গবেষণায় দেখা গেছেড় মাত্র ৬ মিনিট বই পড়লেই আমাদের মানসিক চাপ ৬৮ শতাংশ কমে যায়। শুধু তা-ই নয়, পড়ার অভ্যাস মনকে হালকা করার পাশাপাশি মনঃসংযোগ বৃদ্ধিতেও সাহায্য করে।

তিনি বলেন, স্মার্টফোন আসার আগে বই পড়ার অভ্যাস ছিল। কিন্তু ইদানীং সেই অভ্যাস অধিকাংশই মানুষ ভুলতে বসেছেন। গবেষণার কথা মেনে দিনের একটা সময় মোবাইল ফোন থেকে ৬ মিনিটের জন্য চোখ সরালে চাপমুক্তির পাশাপাশি আরও একটা ভালো কাজ হবে। মন একমুখী বা বলা ভালোড় ফোনমুখী না হয়ে অন্য পথে চালিত হবে। আর কে বলতে পারে, মানসিক চাপ কমানোর পাশাপাশি পড়ার অভ্যাস হয়তো আমাদের মোবাইল আসক্তিকেও দূর করবে। লিজ যে গবেষণার কথা বলছেন, সেই গবেষণা করা হয়েছিল সাসেক্স বিশ্ববিদ্যালয়ে। মাইন্ডল্যাব ইন্টারন্যাশনালের গবেষকরা কগনিটিভ নিউরোসাইকোলজিস্ট চিকিৎসক ডেভিড লুইয়ের নেতৃত্বে পরীক্ষা-নিরীক্ষা চালান। পরে সেই গবেষণা বিজ্ঞানবিষয়ক পত্র-পত্রিকার পাশাপাশি বহু আন্তর্জাতিক সংবাদপত্রেও প্রকাশিত হয়। গবেষণাটি প্রসঙ্গে ডেভিড অবশ্য বলেছিলেনড়বই পড়লে যে আমাদের মন অন্য পথে চালিত হয়, সে ব্যাপারে কোনো সন্দেহ নেই। তবে তার চেয়েও বড় বিষয় হলোড় সাদা পাতায় ছাপার অক্ষরগুলো আমাদের কল্পনাশক্তির সঙ্গে জুড়ে আমাদের মধ্যে থাকা সৃষ্টিশীলতাকেও জাগিয়ে তুলতে পারে।

# জাল কিউআর কোড থেকে নিরাপদ থাকার উপায়

**আইটি ডেস্ক :** একটি কিউআর কোডের মাধ্যমে যেকোনো পেমেন্ট করার সময়ে প্রথমে যে বিবরণ দেওয়া থাকে, তা ভালো করে পড়ুন। সাধারণত, পেমেন্ট করার আগে যাকে টাকা পাঠানো হবে তার নাম দেখা যায়। লেনদেন করার আগে সেই নামটি ক্রস-চেক করে নেওয়া উচিত। কিউআর কোডগুলো স্বয়ংক্রিয়ভাবে পেমেন্টের অঙ্ক পূরণ করে নিতে পারে। ফলে সব সময়ে পেমেন্ট করার আগে একাধিকবার যাচাই করুন। যদি কখনো অনিচ্ছাকৃতভাবে কারো কাছে অর্থ চলে যায়, তাহলে অবিলম্বে আপনার ব্যাংকের সাহায্য নিন। যেকোনো জায়গায় কিউআর কোড স্ক্যান করা একটি বিচক্ষণ সিদ্ধান্ত নয়। আপনি স্ক্যান করে পেমেন্ট করার সিদ্ধান্ত নেওয়ার আগে সব সময়ে কিউআর কোডের উৎস পরীক্ষা করুন। এসএমএস বা ই-মেইলের মাধ্যমে প্রাপ্ত অজানা-অচেনা কিউআর কোড কখনো স্ক্যান করবেন না। এতে আপনার ডেটা চুরি করার জন্য ক্ষতিকারক সফটওয়্যার থাকতে পারে। একটি কিউআর কোড স্ক্যান করার পরে এবং একটি ওয়েবসাইট বা অ্যাপে ঢোকার পরেও ইউআরএলটি ভালোভাবে পড়ুন। নিশ্চিত করুন, এটি বৈধ। ফিশিং ওয়েবসাইট নয়। স্ক্যান করার আগে কিউআর কোড পরীক্ষা করুন। ভালোভাবে দেখুন তাতে কোনো টেম্পারিংয়ের লক্ষণ আছে কি না, তা পরীক্ষা করে দেখুন। যদি দেখতে পান কিউআর কোডের সঙ্গে টেম্পার করা হয়েছে, তাহলে সেই নির্দিষ্ট কোডটি কোনো মতে স্ক্যান করবেন না। এছাড়া, যদি কোনো লোভনীয় অফার আসে তা হলে অতিরিক্ত সতর্ক হওয়া উচিত।



## হোয়াটসঅ্যাপে ভুয়া ছবি ধরার সহজ উপায়

**আইটি ডেস্ক :** জনপ্রিয় মেসেজিং প্ল্যাটফর্ম হোয়াটসঅ্যাপ প্রতিনিয়ত নতুন নতুন ফিচার যুক্ত করছে। যা ব্যবহারকারীদের হোয়াটসঅ্যাপ ব্যবহারের অভিজ্ঞতা আরো ভালো করছে। তাই ব্যবহারকারীদের কথা ভেবে সম্প্রতি নতুন আপডেট এনেছে হোয়াটসঅ্যাপ। এ ফিচারের মাধ্যমে ব্যবহারকারীরা সহজে ভুয়া সংবাদ বা মিথ্যা ছবি শনাক্ত করতে পারবেন। এমনকি সেগুলোর আসল উৎস সম্পর্কেও জানতে পারবেন। জানা গেছে, ইতিমধ্যেই অ্যান্ড্রয়েডে বিটা টেস্টিং ফিচার শুরু করে দিয়েছে। সেই সঙ্গে ওই টিপস্টার এই ধাপগুলো ভাগ করে নিয়েছে। হোয়াটসঅ্যাপের চ্যাট স্ক্রিনের একদম উপরে ডান দিকে একটি নতুন থ্রি-ডট মেন্যু অপশন পাওয়া যাবে। যেকোনো ছবিতে ব্যবহারকারীকে ক্লিক করতে হবে।

# প্রতিদ্বন্দ্বিতার অবসান! হাত মেলালো স্যামসাং ও অ্যাপল

**আইটি ডেস্ক :** ফোনের ব্যাটারি ক্ষমতা বাড়াতে একসঙ্গে কাজ করতে চলেছে চিরপ্রতিদ্বন্দ্বী স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠান স্যামসাং ও অ্যাপল। অত্যাধুনিক ব্যাটারি প্রযুক্তি নিয়ে গবেষণা করতে যাচ্ছে এই দুই কোম্পানি। যার ওপর ভর করে বাড়ানো হবে ফোনের ব্যাটারি ক্যাপাসিটি। আসলে, অপো এবং রেড ম্যাজিকের মতো চীনের সংস্থাগুলো ইতোমধ্যে ৭ হাজার এমএএইচ এর ব্যাটারিযুক্ত ফোন এনেছে বাজারে। এই লড়াইয়ে ছাপ ফেলতে এখন সময় এসেছে বলে মনে করছে দক্ষিণ কোরিয়ার স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠান স্যামসাং ও মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাপল। ফ্ল্যাগশিপ ফোনগুলোতে সিলিকন প্রযুক্তি ব্যবহার করতে চাইছে স্যামসাং। এর জন্য আনুষঙ্গিক উপাদানগুলি তৈরি করছে সংস্থাটি। স্যামসাং তাদের ফোনের ব্যাটারিতে সিলিকন উপাদান বৃদ্ধি করতে উদ্যোগ নিয়েছে। এজন্য অ্যানোড এবং ক্যাথোড সামগ্রী তৈরি করা হচ্ছে। ব্যাটারিতে একটি সাধারণ সমস্যা হলো ফুলে যাওয়া। সংস্থার দাবি, এই সমস্যা সমাধান করবে সিলিকন টেক। পাশাপাশি এটি ব্যাটারির কর্মক্ষমতাও বৃদ্ধি করবে। যদিও কবে এই উন্নত ব্যাটারি বিশিষ্ট স্মার্টফোন লঞ্চ হবে তা এখনো অস্পষ্ট। অন্যদিকে, ২০২৬ সালে অ্যাপল তাদের নিজস্ব ব্যাটারি আনবে বলেও জানা গেছে। তখন ফ্ল্যাগশিপ স্মার্টফোনগুলোতে আপগ্রেড প্রযুক্তি চালু করতে পারে অ্যাপল। স্যামসাং এবং অ্যাপল একদিকে যখন রিসার্চ ও ডেভেলপমেন্টে মনোনিবেশ করছে। অন্যদিকে, চীনের ব্র্যান্ডগুলো ইতোমধ্যেই উচ্চ ব্যাটারি ক্ষমতাসহ ফোন ইতোমধ্যেই এনে ফেলেছে বাজারে। রেড ম্যাজিক ১০ প্রো-তে ৭০৫০ এমএএইচ ব্যাটারি রয়েছে। তবে চীনের সংস্থাগুলো নাকি চলতি বছরের শেষের দিকে ৮ হাজার এমএএইচ ব্যাটারির ফোনও আনতে পারে। এই প্রযুক্তি স্যামসাং ও অ্যাপলকে কাজের গতি বাড়ানোর ক্ষেত্রে বাড়তি বুস্ট দেবে বলে মনে করা হচ্ছে। বর্তমানে এই ধরনের উচ্চ ব্যাটারি ক্যাপাসিটির ফোন নেই স্যামসাং ও অ্যাপলের।

